আরও চাকরির খবর ভেতরের পাতায়

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

ডব্লু বি সি এস প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ১০

বর্ষ ৪৬ সংখ্যা ৩৫ কলকাতা বুধবার, ২৫ মার্চ ২০২৬/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ১০ চৈত্র ১৪৩২ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

### সাউথ ইস্টার্ন কোলফিল্ডসে
## ১০০ অ্যাপ্রেন্টিস

১০০ জনকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে সাউথ ইস্টার্ন কোলফিল্ডস। এটি কেন্দ্রের কয়লা মন্ত্রকের অধীনস্থ সংস্থা। ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ প্রোমোশন স্কিমে ১ বছরের ট্রেনিং

এরপর দুয়ের পাতায়

## ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায় ম্যানেজমেন্ট ট্রেনি
### গেট-২০২৬ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

কেমিক্যাল, সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল শাখায় ৫৯ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া লিমিটেড। এটি কেন্দ্রের

এরপর চারের পাতায়

### দেশ জুড়ে নিয়োগ
## টি সি এসে

তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে ন্যূনতম ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে বিভিন্ন প্রোজেক্টে নিয়োগ করবে টাটা কনসালট্যান্সি সার্ভিসেস (টিসিএস)। দেশ জুড়ে নিয়োগ করা হবে। অন্তত গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য।

এরপর চারের পাতায়

# সশস্ত্র সীমা বলে ১০৫৭
## কনস্টেবল ও হেড কনস্টেবল

১,০৫৭ জন কনস্টেবল ও হেড কনস্টেবল নেবে সশস্ত্র সীমা বল। পুরুষ ও মহিলা উভয়েই আবেদন করতে পারেন। এখন অস্থায়ী ভাবে নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 524/RC/SSB/Combined Advt./CT to SI (Non-GD)/2025.

**শূন্যপদের বিবরণ: কনস্টেবল:** ভেটেরিনারি: ৩৪টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

ড্রাইভার (পুরুষ): ৫৫৩টি (সাধারণ ২৪৪, তফসিলি জাতি ৮১, তফসিলি উপজাতি ৩৮, ওবিসি ১৪৫, আর্থিক ভাবে অনগ্রসর ৪৫)।

গার্ডেনার: ৪১টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

ওয়াটার ক্যারিয়ার: ৫টি (সাধারণ)।

কবলার: ২৫টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৬, তফসিলি

এরপর দুয়ের পাতায়

## নার্সিং ও প্যারামেডিক্যালের ডিগ্রি কোর্স
### জেনপস-২০২৬ আয়োজিত হবে ৭ জুন

পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি কলেজে নার্সিং, ফিজিওথেরাপি, মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি-সহ বিভিন্ন বিষয়ের ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জেনপস-২০২৬' আয়োজিত হবে ৭ জুন (রবিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড। সরকারি কলেজে বি এসসি নার্সিং কোর্সের জন্য শুধুমাত্র মহিলারাই আবেদন করবেন। প্রার্থীকে অবশ্যই রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে।

কোর্সগুলি হল: বি এসসি নার্সিং, ফিজিওথেরাপি (বি পি টি), মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (বি এম এল টি), ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (সি সি টি), অপারেশন থিয়েটার টেকনোলজি (ও টি টি), পারফিউশন

এরপর চারের পাতায়

## এনআইটি-তে অধ্যাপক

বিভিন্ন বিভাগে অ্যাসোসিয়েট প্রফেসর ও প্রফেসর পদে ৩২ জনকে নেবে ত্রিপুরার আগরতলার ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি (এনআইটি)। এটি তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য একটি বিশেষ নিয়োগ অভিযান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: No. F.NITA. 2(545-Estt)/2022/11450.

এরপর চারের পাতায়

### কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে
## ১১৪ নন-টিচিং স্টাফ

বিভিন্ন পদে ১১৪ জন কর্মী নেবে সেন্ট্রাল সংস্কৃত ইউনিভার্সিটি। নিয়োগ করা হবে লোয়ার ডিভিশন ক্লার্ক, স্টেনোগ্রাফার, মাল্টি টাস্কিং স্টাফ, লাইব্রেরি অ্যাটেন্ড্যান্ট-সহ বিবিধ পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০২/২০২৬।

**শূন্যপদের বিন্যাস:** সেকশন অফিসার: ১১টি। অ্যাসিস্ট্যান্ট: ১০টি। টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কম্পিউটার ল্যাবরেটরি): ৪টি। স্টেনোগ্রাফার: ৮টি। আপার ডিভিশন ক্লার্ক: ১৬টি। লোয়ার ডিভিশন ক্লার্ক: ৩৫টি। মাল্টি-টাস্কিং স্টাফ: ২২টি। লাইব্রেরি অ্যাটেন্ড্যান্ট: ৮টি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sanskrit.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৬ এপ্রিল পর্যন্ত। অনলাইন দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম

এরপর দুয়ের পাতায়

### বদমাল অর্ডন্যান্স ফ্যাক্টরিতে
## ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার

ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার পদে ৮০ জনকে নেবে ওড়িশার বদমাল অর্ডন্যান্স ফ্যাক্টরি। এটি প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে নিয়োগ করা হবে ১ বছরের চুক্তিতে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ ৪ বছর পর্যন্ত বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1002/Tenure/DBW/PER(RC)/OFBL/2026.

ক্যাটেগরি অনুসারে আসন-সংখ্যার বিবরণ: সাধারণ ৩৩, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ওবিসি ২১, আর্থিক ভাবে অনগ্রসর ৮। এর মধ্যে ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: দেশের কোনও অর্ডন্যান্স ফ্যাক্টরি বা সরকারি বা স্বীকৃত বেসরকারি প্রতিষ্ঠানে অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্লান্ট ট্রেডে

এরপর চারের পাতায়




AUTHORIZED NISSAN DEALERS: WEST BENGAL: KOLKATA: AJC BOSE ROAD: AUTORELLI NISSAN- 8291046260, BT ROAD: AUTORELLI NISSAN- 8291102720, DURGAPUR: BANERJEE NISSAN- 9167298557, HOWRAH: AUTORELLI NISSAN- 9619894988, KALYANI: AUTORELLI NISSAN- 8291099405, SILIGURI: NAMAN NISSAN- 8291091830.

*Terms & Conditions Apply, All prices ex-showroom Delhi. The model shown is a Limited Edition Nissan Gravite. Features and accessories shown may not be standard equipment and are subject to change without prior notice. Approved accessories included from trusted Nissan suppliers; they are not 'Nissan Genuine Accessory'. Warranty on such accessories is supported by the supplier and is limited to 1 year from the sale of the vehicle. Finance is at the sole discretion of NRFSL. #Standard warranty of 3-year or 1 00 000 km, whichever comes first, and can be extended to 10 years or 2 00 000 km at an additional cost. #Lowest cost of maintenance at 40p in the B-MPV category segment refers to B-MPV models with a length of less than 4m. ~Boot space is as per various modular configurations available in the vehicle. Please consult an authorised Nissan dealer for the latest information on features/specifications before deciding to place an order.

NISSAN FINANCE

# কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## কর্মখালি

**Reputed Banking Gr.-র** কলি অফিসে Part-Time কাজে Retd/VRS/ গভঃ/PSU/Ex-Army/গৃহবধূ/ব্যবসায়ী 40-65yr-দের সসম্মানে আয়ের সুযোগ। 94331-89588.

□

**Dorado System Lift** কোম্পানিতে মার্কেটিং কাজের জন্য কোলকাতাতে কর্মী প্রয়োজন। সত্বর যোগাযোগ করুন। (91473-67771/83350-39319).

□

**Teachers Requires PGT** (Geography, Pol SC), TGT (English, SS), Primary (All subjects), Spoken English, Skill Educator Delhi NCR, Salary & Lodging Sunhill Academy School, Tijara (Raj) sunhillacademykgb 10@Gmail.com M. 90791-10817.

□

**Corporate Sector-এ অবসর সময়ে** Retd/ VRS/ ব্যবসায়ী/ গৃহবধূরা Part/ Full Time কাজ করুন। Fixed Salary+PF+ESI+Bonus. HS+, 25-70yr. 82407-02109.

□

**STRESSLESS JOB for Govt/** PSU/Bank/ Retd/ VRS (HS + 35-65)-দের জন্য সম্মানের সঙ্গে কলকাতায় অফিসে বসে উচ্চ আয়ের সুযোগ। M: 86172-60189/79801-01938.

□

**Audi/ Mercedes/ BMW/ Volvo-র** জন্য দক্ষিণ কোলকাতায় অভিজ্ঞ ভদ্র Driver চাই। Mobile: 99997-96432.

□

## কর্মখালি

**Ramakrishna Math, Baranagar,** Reqd. Male Accounts Operator, Age 22-35, Salary: Negotiable. Knowledge: Fundamental Accounting Principles, Trial Balance, Balance Sheet and GST/TDS Compliance, Tally Software. Phone: 98316-36765.

□

**প্রখ্যাত মিষ্টান্ন প্রতিষ্ঠানে** মিষ্টি ও নোনতার কারিগর, রান্নার লোক, রেস্টুরেন্ট কুক, হেল্পার চাই। থাকা খাওয়া অন্যান্য সুযোগ সুবিধা। 70441-71372/ 83349-58625/90519-07295.

□

**সোদপুরস্থিত A/C ও Tax ফার্মে Tally** ও A/C জানা B.Com(H) চাই। অভিজ্ঞরা অগ্রগণ্য। ESI-এর সুবিধা আছে। শুরুতে 15-18K, 90733-94788 advsksr@gmail.com

□

**Urgently required experienced** computer accountant with Tally at Andaman. Mobile-98310-24333.

□

**SKILLED Manager, Accountant** & Senior Nurse for Job at Nursing Home of Berhampore Bengal talk 87686-81211.

□

**Reputed Corporate Gr. reqd** Retd/ HouseWife/ Businessman/ Fresher HS+ (25-65) for Part/Full Time. Attractive Salary+PF+ESI 62893-03389.

□

**কলকাতা ঢাকুরিয়াতে ইনস্টিটিউটে সব** কাজ থেকে করার জন্য Peon চাই। থাকা আবশ্যিক। Duty 12 hrs. বয়স 40 মধ্যে। Salary Rs. 12000 pm. Tel-84810-26050.

□

## কর্মখালি

**Renowned Interior Firm** Urgently require: Architect/ Interior Designer and Site Supervisor with experience 10 years & above, in Banking & Corporate Sector. E-mail scplinte@gmail.com

□

**Chemistry 3 Maths Editor চাই**

**Chemistry ও Mathematics-এ** Honours Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheets email করুন rayandmartineditor@gmail.com-এ। 6C রমানাথ মজুমদার স্ট্রিট। কল-9. কলেজ স্ট্রিটে কলেজ স্কোয়্যারের কাছে।

□

**কলকাতা কসবাতে বাড়িতে থেকে** দুজনের রান্না, বাজার সহ যাবতীয় কাজ করার জন্য পিছুটানহীন মহিলা প্রয়োজন। বয়স 35 থেকে 55-এর মধ্যে। মাহিনা 8000-9000+খাওয়া Call: 62909-44992.

□

**Kolis Foods Pvt. Ltd. required** Salesman under age 25 yrs. for all over WB & Exp. Sales Officer-98306-99456/ 91635-47536/ 98312-53482.

□

**দিল্লি সহ ভারতে ও বিদেশে Female** Japa, Nanny, ইংলিশ জানা Governess চাই, Also Required US & Canada Visa & passport Holder 98747-37137.

□

## কর্মখালি

**Retd Govt/ Pvt/ Bank/ রেল/** ব্যবসায়ীদের (40-70) Part/Full Time জব Big Indian Co in Kol. Income +PF+Med. বিশ্বাস নিয়ে কথা বলুন। চন্দ— 90075-10903.

□

**Vacancies for Managerial Post** in Reputed Co. at Kol Offi. Invite Retd Govt/PVT/Rly/Bank. Fixed Salary+PF+ESI. Age 30-70. 99998-10485.

□

**বিবেকানন্দ ভাবধারায় উদ্বুদ্ধ সেবা** প্রকল্পে পশ্চিমবঙ্গের গ্রামে চিকিৎসার জন্য (ভ্রাম্যমান চিকিসাযান) ডাক্তার চাই (সপ্তাহে তিনদিন)। MBBS/ BHMS/ BAMS দরখাস্ত পাঠান। সাম্মানিক—যথোপযুক্ত। যোগাযোগ 92304-24849 vsss7012@gmail.com

□

**Edusolve (Kolkata)**

**Admission going on BA/B.Sc/** B.Com, M.A/M.Sc/M.Com/Nursing/ Engineering/Medical/Paramedical/ B.Ed/M.Ed/D.L.Ed/B.P.Ed/M.Phil/ PhD etc. (N.B):-Back session also available from UGC Approved University. M-87778-66129 / 90384-49954.

□

**Need a young Sales Representative** having knowledge of Computer Billing and can do all rounding work in office. Send your CV @ cyberelectricals92@gmail.com, Cyber Electricals.

□

**PGT in Math, Physics,** Phycology, Pol Sci, Accountancy, Econ for CBSE School & H.M in Ben Med School at Malda srjbclass @gmail.com WA -89187-92500, 73630-48701.

□

## কর্মখালি

**Project BOOKS.COM@ Part** Time স্বগৃহে বই দেখে হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপ/স্মার্ট ফোনে টাইপ করে 6K সপ্তাহে আয় 94335-61720, 62911-59330.

□

**Experienced Librarian cum PA** needed for South Kolkata Law Chamber. M: 98318-40716.

□

**Ramakrishna Mission College** Sohra, Meghalaya; Apply for post of Assist. Prof. (Math) at sohra@rkmm.org; Qualification: Ph.D./PG (NET) in Math.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৮ মার্চ দুপুর ২টো পর্যন্ত।

□□□

৮ এপ্রিলের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৪ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা

যোগাযোগ করুন:

৮৯৬১২-৪২৬২৯

## কর্মখালি

**Required Account Assistant for a** Tax Law Firm in Central Howrah, candidates from Howrah preferred, whatsapp: 98301-71568.

□

**Wanted one experienced** Marketing Executive & one Centre Head for Apollo clinic, Habra. Ph. No.- 62891-90745.

□

**জেলাভিত্তিক নিয়োগ ডিটারজেন্ট ও** ডিশওয়াশ মার্কেটিং-এর জন্য 2yrs অভিজ্ঞ সৎ ও পরিশ্রমী ছেলে/মেয়ে চাই। স্যালারি 12K+Ins Send CV-samparkadvt@gmail.com

□

**T.C Peon স্টোরকিপার, Mngr,** রিসেপশনিস্ট, সুপারভাইজার, ক্যাশিয়ার, প্যাকিং-এর জন্য M/F চাই বেতন 16K-35K OT সহ ESI PF বালাজী এন্টারপ্রাইস 90513-53006.

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# সশস্ত্র সীমা বলে ১০৫৭

*প্রথম পাতার পর*

উপজাতি ২, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

টেলার: ৪১টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

ওয়াশারম্যান: ৭৪টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ওবিসি ১৯ আর্থিক ভাবে অনগ্রসর ৭)।

বার্বার: ৪৩টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)।

ওয়েটার: ৩টি (সাধারণ)।

কার্পেন্টার: ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)।

**হেড কনস্টেবল:** কমিউনিকেশন: ১৯৭টি (সাধারণ ৮৭, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১৭, ওবিসি ৫৫, আর্থিক ভাবে অনগ্রসর ১৮)।

ইলেক্ট্রিশিয়ান: ২৯টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

ভেটেরিনারি: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২)।

মোট শূন্যপদের মধ্যে ১০ শতাংশ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা: কনস্টেবল:** ভেটেরিনারি পদের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে কোনও ভেটেরিনারি হাসপাতালে পশুচিকিৎসা-সংক্রান্ত কাজের ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কনস্টেবল ড্রাইভার পদের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে বৈধ হেভি ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অন্যান্য পদের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে অথবা আইটিআই বা ভোকেশনাল ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ, সেইসঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের আইটিআই ডিপ্লোমা কোর্স পাশ। ভেটেরিনারি, ড্রাইভার ও কার্পেন্টার বাদে অন্যান্য পদের ক্ষেত্রে একাধিক দক্ষতাসম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।

**হেড কনস্টেবল:** কমিউনিকেশন পদের ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স-সহ বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ। অথবা ইলেক্ট্রনিক্স বা কমিউনিকেশনস বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে অন্তত ৩ বছরের ডিপ্লোমা। ইলেক্ট্রিশিয়ান পদের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে অথবা আইটিআই বা ভোকেশনাল ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ, সেইসঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা ২ বছরের আইটিআই ডিপ্লোমা কোর্স পাশ। ভেটেরিনারি পদের ক্ষেত্রে বায়োলজি-সহ বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ, সঙ্গে ভেটেরিনারি অ্যান্ড লাইভস্টক ডেভেলপমেন্ট বা ভেটেরিনারি স্টক অ্যাসিস্ট্যাস্ট কোর্স বা অ্যানিম্যাল হাজবেন্ড্রি বিষয়ে অন্তত ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ।

**বয়স:** কনস্টেবল ড্রাইভার ও ভেটেরিনারি পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছর, কার্পেন্টার পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছর এবং বাকি পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে। হেড কনস্টেবল ইলেক্ট্রিশিয়ান পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছর এবং বাকি পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। ২০-৪-২০২৬ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: কমিউনিকেশন: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি ও মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি। তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫০ সেমি)। গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। বুকের ছাতি: কেবল পুরুষদের ক্ষেত্রে না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)।

ইলেক্ট্রিশিয়ান: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৬৭.৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। বুকের ছাতি: কেবল পুরুষদের ক্ষেত্রে না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)।

ভেটেরিনারি: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। বুকের ছাতি: কেবল পুরুষদের ক্ষেত্রে না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)।

ড্রাইভার: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি (তফসিলি উপজাতি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। বুকের ছাতি: কেবল পুরুষদের ক্ষেত্রে না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)।

অন্যান্য পদের ক্ষেত্রে: উচ্চতা: পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ১৬৭.৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। বুকের ছাতি: কেবল পুরুষদের ক্ষেত্রে না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)।

উচ্চতা অনুসারে ওজন হতে হবে।

**বেতনক্রম:** কনস্টেবল পদের ক্ষেত্রে ২১,৭০০-৬৯,১০০ টাকা, হেড কনস্টেবল পদের ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, মাপজোক যাচাই, কম্পিউটারভিত্তিক পরীক্ষা, নথিপত্র যাচাই ও স্কিল টেস্টের মাধ্যমে।

হেড কনস্টেবল পদে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের ক্ষেত্রে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড় ও মহিলাদের ক্ষেত্রে ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়। কনস্টেবল পদে পুরুষদের ক্ষেত্রে ২৪ মিনিটে ৪.৮ কিলোমিটার দৌড় ও মহিলাদের ক্ষেত্রে ১৮ মিনিটে ২.৪ কিলোমিটার দৌড়।

কম্পিউটারভিত্তিক পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স, রিজনিং এবং জেনারেল ইংলিশ বা জেনারেল হিন্দি বিষয়ে। মোট নম্বর কনস্টেবল পদের ক্ষেত্রে ১০০ এবং হেড কনস্টেবল পদের ক্ষেত্রে ৫০। হেড কনস্টেবল পদের ক্ষেত্রে অতিরিক্ত ১০০ নম্বরের বিষয়ভিত্তিক প্রশ্ন হবে। পরীক্ষার সময়সীমা কনস্টেবল পদের ক্ষেত্রে ২ ঘণ্টা এবং হেড কনস্টেবল পদের ক্ষেত্রে ৩ ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssb.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২০ এপ্রিল। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই (উভয়ই ৪ থেকে ১২ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দিতে হবে ইউপিআই বা নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। মহিলা প্রার্থী, তফসিলি জাতি ও উপজাতি এবং প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://recruitment.ssb.gov.in

# কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে ১১৪

*প্রথম পাতার পর*

জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ অনলাইন দরখাস্তের প্রিন্ট আউটটি ২৯ এপ্রিলের মধ্যে রেজিস্টার্ড ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Registrar, Central Sanskrit University, 56-57, Institutional Area, Janakpuri, New Delhi-110 058.

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# সাউথ ইস্টার্ন কোলফিল্ডসে ১০০

*প্রথম পাতার পর*

দেওয়া হবে ছত্তিসগড়ের বিলাসপুরে। প্রার্থীরা আগে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে অথবা বর্তমানে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের সঙ্গে যুক্ত থাকলে আবেদন করবেন না।

**ট্রেড অনুসারে আসনের বিন্যাস: অফিস অ্যাসিস্ট্যান্ট:** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৫)। **জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৪)। **অ্যাসিস্ট্যান্ট মাইন সার্ভেয়র:** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৫)। **সিকিউরিটি গার্ড:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৪, ওবিসি ৬)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা একাদশ শ্রেণি উত্তীর্ণ।

**বয়স:** আবেদনের তারিখে অন্তত ১৮ বছর হতে হবে।

**স্টাইপেন্ড:** মাসে ৮,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ৩১ মার্চ পর্যন্ত। আবেদনের পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। অনলাইন আবেদনের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের ফটো, সই, মাধ্যমিকের মার্কশিট, আধার কার্ড, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.secl-cil.in

স্বনির্ভরতার সন্ধান

# নানা ধরনের খাতা বা নোটবই তৈরির ব্যবসা লাভজনক

**স্কুল-কলেজে হাজিরা নথিভুক্তি থেকে শুরু করে, হোম টাস্ক কি ক্লাস ওয়ার্ক, কেমিস্ট্রি কি বায়োলজি ল্যাবরেটরির কাজকর্ম, চটজলদি হিসাব রাখা, সাধারণ লেখালেখি— ইত্যাদি বিবিধ প্রয়োজনে খাতার প্রয়োজনীয়তা আছে। বেকার তরুণ-তরুণীরা কয়েকটি মেশিন কিনে, খাতা তৈরি করে ব্যবসা করতে পারেন। লাভ ভালোই থাকবে।**

নিজস্ব প্রতিনিধি: স্কুল, কলেজ, অফিস, আদালত, দোকান, কারখানা সর্বত্র লেখালেখির জন্য, হিসাব রাখার জন্য, লিখিত রেকর্ড রাখতে ছোট-বড় নানা ধরনের খাতার প্রয়োজন হয়। সাদা পাতার খাতা ছাড়াও লাইন টানা, প্র্যাক্টিক্যাল, হিসাবশাস্ত্রের লেজারবুক ইত্যাদি নানা ধরনের খাতা বাজারে পাওয়া যায়। ক্রেতা তাঁর প্রয়োজন অনুসারে কেনেন। এর পাশাপাশি রঙিন মলাট দেওয়া শৌখিন নোটবইয়ের প্রচলনও বেড়েছে। বিশেষ করে উপহার দেওয়ার জন্য।

খাতা এমনই এক অত্যাবশ্যকীয় সামগ্রী, যার কোনও বিকল্প নেই। এমনকী ডিজিটাল প্রযুক্তিও তার সঠিক বিকল্প হয়ে উঠতে পারেনি। ফলে খাতার চাহিদা থাকবেই।

বেকার তরুণ-তরুণীরা খাতা তৈরি করে স্কুল-কলেজ, অফিস এবং বই-খাতার দোকানে জোগান দেওয়ার কথা ভাবতে পারেন। উপার্জন ভালোই হবে।



## খাতা তৈরির গোড়ার কথা

খাতা তৈরির প্রধান উপকরণ কাগজ। সস্তায় রিম কাগজ কিনতে হবে। এটি কেনার পুরনো দু'টি জায়গা কলকাতার বৈঠকখানার বাজার ও রাজাবাজার। এছাড়া স্থানীয় ভাবে খোঁজ করলেও পেতে পারেন।

খাতা তৈরির জন্য মূলত তিনটি মেশিনের প্রয়োজন— পেপার কাটিং মেশিন, স্টিচিং মেশিন এবং প্রেসিং মেশিন। এ ছাড়াও লাইন টানা খাতা বা লেজার বুক তৈরির জন্য রুলিং মেশিন লাগবে। প্রতি পাতায় সিরিয়াল নম্বর লেখার জন্য প্রয়োজন হবে কাউন্টিং মেশিনের।

ব্যবসা শুরু করতে পারেন কেবল সাদা খাতা তৈরি করা দিয়ে। সেক্ষেত্রে রুলিং ও কাউন্টিং মেশিনের প্রয়োজন হবে না। এই সবগুলি মেশিনই ম্যানুয়াল, সেমি-অটোমেটিক ও সম্পূর্ণ অটোমেটিক— এই তিন ধরনের হয়।

খাতা তৈরির প্রক্রিয়াটি খুব কঠিন কিছু নয়। পেপার কাটিং মেশিনে প্রথমে সাদা পাতা, খাতার মাপ অনুযায়ী কেটে নিতে হবে। এরপর মলাট ও পাতা একসঙ্গে স্টিচ বা সেলাই করতে হবে স্টিচিং মেশিনে। সবশেষে হার্ডপ্রেস মেশিনের মাধ্যমে খাতাগুলোকে পরপর সাজিয়ে সমান আকারের করে নিতে হবে।

খাতার মলাট বাজারে কিনতে পাওয়া যায়। একটা শিটে চারটে মলাট থাকে। বড় খাতা হলে দুটো খাতার জন্য একটা শিট এবং ছোট খাতা হলে চারটে খাতার জন্য একটা শিট লাগবে।

প্রাথমিক ভাবে তিনটে মেশিন নিয়ে কাজ শুরু করতে পারেন। ১০ বর্গফুটের একটা ঘর থাকলেই হবে। ম্যানুয়াল, সেমি-অটোমেটিক বা অটোমেটিক— মেশিন অনুযায়ী দাম পড়বে ২ লক্ষ থেকে ১৫ লক্ষের মধ্যে। কোনওটা ম্যানুয়াল, কোনওটা অটোমেটিক বা সেমি অটোমেটিক— এরকম মিলিয়েমিশিয়েও কিনতে পারেন বাজেট অনুযায়ী।

**মেশিন পাওয়া যাবে:** ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি-তে। ঠিকানা: ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০০১৩। ফোন-(০৩৩) ২২৩৬-৮০১৫, ৯৪৩২৪-২২০৮৬।


নার্সিং এন্ট্রান্স
ANM ও GNM
পরীক্ষার প্রস্তুতি মানেই-
কি টু সাকসেস
নৈহাটি
ফোন: 93394-77082






**NSHM Knowledge Campus, Kolkata - Group of Institutions** is honoured with **NAAC A+** accreditation, placing the institute among the top 15% of Higher Education Institutions (HEIs) in the country. Our collaborations provide students with global exposure and lead to industry-recognised certifications alongside their university degrees. Located in the urban hub of Kolkata, it carries a rich legacy of academic excellence and proximity to thriving businesses, corporate headquarters and innovative startups for internships, placements and research projects.

All courses are affiliated to MAKAUT and approved by AICTE (as applicable).

Business School

Media School

Hotel & Tourism Management

Design School

Health Sciences

Computing & Analytics

Last Date of Application for Round 2 Admission – 18th March, 2026

To know more

NSHM Knowledge Campus, Kolkata - Group of Institutions
(Established by Hari Charan Garg Charitable Trust) 60, B.L. Saha Road, Kolkata, Pin 700 053.

Helpline 99032 50754



**INSTITUTE OF SCIENCE & TECHNOLOGY**

Approved by AICTE, Recognised by Govt. of W.B., Affiliated to MAKAUT (WB), WBSCT & VE & SD

Post **Professor, Associate Professor, Assistant Professor, Librarian**

for
- Civil Engineering ■ Mechanical Engineering
- Electrical Engineering
- Computer Science & Engineering
- Applied Electronics & Instrumentation Engineering
- Electronics & Communication Engineering
- Mathematics ■ Physics ■ Chemistry ■ English
- Auto CAD

* Qualification : M.E or M. Tech in relevant field from a recognized University/College
* Must Posses GATE or NET.

Post **Graphic Designer, Data Entry Operator**

*Selection, Pay Scale and Name of post as per norms of Govt. of West Bengal. No of Post / Vacancy are subject to change.*

Applications are invited from interested candidates with detailed CV along with scanned copy of all testimonials & a recent colour passport Photo within 10 days.

Mail us at : hr@istonline.org.in

HR Manager

For more info, visit us : www.istonline.org.in

*A Unit of Gopsal Avinandan Sangha*

Campus : Dhurabila, Dhamkuria, Chandrakona Town, Paschim Medinipur, Pin-721201



CHANDIGARH UNIVERSITY
CU CHANDIGARH UNIVERSITY
Discover. Learn. Empower.

QS UNIVERSITY RANKINGS ASIA 2026
INDIA'S NO. 1 PRIVATE UNIVERSITY for Three Consecutive Years

CUCET - INDIA'S PRESTIGIOUS SCHOLARSHIP-CUM-ENTRANCE EXAM

India's No.1 Private University

Recognising Top Talent and Empowering Students' Aspirations with **Up to 100% Scholarship**





*I HAVE RECEIVED A 100% CUCET SCHOLARSHIP, a step toward fulfilling my dream of building a thriving legal and business career.*

PRATHAM VERMA
BBA LLB (Hons.) Integrated

PLACEMENT HIGHLIGHTS 2024-25

1200+ Companies Visited for Recruitment
10000+ Placement Offers
₹1.7 CRORE Highest Package (International)
₹54.75 LAKH Highest Package (National)
₹1.3 LAKH Highest Stipend during Internship

TOP RECRUITERS

Google, Microsoft, amazon, intel, IBM, NOKIA, SanDisk, Walmart Global Tech, AMERICAN EXPRESS & many more

REGISTER FOR cucet COMMON ENTRANCE TEST
https://cucet.cuchd.in

SCHOLARSHIPS WORTH
₹200 CRORE For Chandigarh University, Punjab
₹50 CRORE For Chandigarh University, Uttar Pradesh

Scan QR Code to Avail Scholarship

Chandigarh University Common Entrance Test (CUCET) is a national-level entrance and scholarship exam that is mandatory for admission into Engineering, MBA, Pharmacy, MCA, MPT, LLM, and Integrated Law programs at Chandigarh University, Punjab, and Chandigarh University, Uttar Pradesh. The exam is significant for students across all programs who wish to secure up to a 100% scholarship for their higher education.

PUNJAB: NH-05, Chandigarh-Ludhiana Highway, Gharuan, Mohali, Punjab | +91 99159-99224, 1800 1212 88800 | www.cuchd.in
UP: Chandigarh University, Lucknow- Kanpur Highway-27, Unnao, Uttar Pradesh | +91 96460-01333, 1800-270-1411 | www.culko.in

KOLKATA ADMISSION OFFICE HELPLINE – 98306 67988
ERGO Tower-A-1/4, Block EP & GP Block, Room No – 1602A, 16th Floor, Saltlake Sector 5

# ইন্ডিয়া ইনফ্রাস্ট্রাকচার ফিনান্সে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (গ্রেড এ)-জেনারেলিস্ট পদে ৩১ জনকে নেবে ইন্ডিয়া ইনফ্রাস্ট্রাকচার ফিনান্স কোম্পানি লিমিটেড। এটি কেন্দ্রীয় সরকারের অধীনস্থ একটি সংস্থা। প্রথমে ২ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: IIFCL/HCM/2026/04

**শূন্যপদের বিবরণ:** অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (গ্রেড এ)-জেনারেলিস্ট: ৩১টি। সরকারি নিয়মানুসারে তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর ও প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা বি ই বা বি টেক পাশ। অথবা এলএলবি বা ৫ বছর মেয়াদের বি এ এলএলবি কোর্স পাশ। অথবা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা কোম্পানি সেক্রেটারি বা সিএমএ/আইসিডব্লুএ।সেই সঙ্গে ২৮-২-২০২৬ তারিখ অনুসারে ব্যাঙ্ক বা যে-কোনও আর্থিক প্রতিষ্ঠানে অফিসার পদে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ২৮-২-২০২৬ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৪৪,৫০০-৮৯,১৫০টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা (টেস্ট ওয়ান ও টেস্ট টু) এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। টেস্ট ওয়ানে মোট ২০০ নম্বরের অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে এই সব বিষয়ে: রিজনিং (২৫ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২৫ নম্বর), ইংরেজি (২৫ নম্বর), ফিনান্সিয়াল সেক্টর সংক্রান্ত কারেন্ট অ্যাফেয়ার্স (২৫ নম্বর)। সময় ১ ঘণ্টা। টেস্ট টু-তে থাকবে সংশ্লিষ্ট কাজের বিষয়ভিত্তিক প্রশ্ন (১০০ নম্বর)। সময় ১ ঘণ্টা। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iifcl.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। ১০ এপ্রিল পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্তের সময় পাওয়া রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড নিজের কাছে লিখে রাখবেন।

দরখাস্তের সময় আপলোড করতে হবে— প্রার্থীর জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (হালকা রং বা সাদা ব্যাকগ্রাউন্ডে তোলা, ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে, ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাঁ হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), ইংরেজিতে নির্দিষ্ট বয়ানে কালো কালিতে প্রার্থীর নিজের হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে)। ডিক্লারেশনের বয়ান পাবেন উপরোক্ত ওয়েবসাইটে। এছাড়াও অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর তাৎক্ষণিক ফটো তুলতে হবে।

ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। অনলাইনে ডেবিট কার্ড (মাস্টারকার্ড/ভিসা/রুপে/মায়েস্ত্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেট বা আইএমপিএস-এর মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর প্রাপ্ত ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অনলাইন দরখাস্তেরও এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায় ম্যানেজমেন্ট ট্রেনি

প্রথম পাতার পর

পেট্রোলিয়াম অ্যান্ড ন্যাচারাল গ্যাস মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীকে অবশ্যই গেট-২০২৬ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রথমে ১ বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HRD/Rectt./Advt./2025-26/18.

**শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস:** কেমিক্যাল ৭টি, মেকানিক্যাল ২৪টি, সিভিল ২১টি, ইলেক্ট্রিক্যাল ৭টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। প্রার্থীকে অবশ্যই ২০২৫ বা ২০২৬ সালে পাশ করে থাকতে হবে এবং ১-৭-২০২৬ তারিখের মধ্যে সার্টিফিকেট হাতে পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে গেট-২০২৬ পরীক্ষায় কেমিক্যালের ক্ষেত্রে 'সি এইচ', মেকানিক্যালের ক্ষেত্রে 'এম ই', সিভিলের ক্ষেত্রে 'সি ই' এবং ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে 'ই ই' পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**বয়স:** ১-৭-২০২৬ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ট্রেনিং চলাকালীন প্রতি মাসে স্টাইপেন্ড ৬০,০০০ টাকা, সঙ্গে অন্যান্য সুবিধা। সফল ট্রেনিং শেষে ইঞ্জিনিয়ার পদে নিয়োগের পর ৬০,০০০-১,৮০,০০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

গেট-২০২৬ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের প্রাথমিক ভাবে বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে দিল্লি বা গুরুগ্রামে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.engineersindia.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৩ এপ্রিল পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র (প্রতিটি জেপিজি ফর্ম্যাটে ৫০০ কেবি সাইজের মধ্যে)-সহ প্রার্থীর ফটো (জেপিজি ফর্ম্যাটে ৭৫ কেবি সাইজের মধ্যে) ও সই (জেপিজি ফর্ম্যাটে ২৫ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দেশ জুড়ে নিয়োগ টি সি এসে

প্রথম পাতার পর

স্নাতকের বিষয় নির্দিষ্ট করে দেওয়া হয়নি। তবে জ্ঞান ও দক্ষতার ক্ষেত্রগুলি নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। এমবেডেড সি, সি++, পাইথন, জাভা, ওয়েব সার্ভিসেস, ওয়েব ডেভেলপমেন্টের মতো তথ্যপ্রযুক্তির নানা শাখার মধ্যে কোনও একটির ব্যবহারিক জ্ঞান থাকলেই চলবে। একাধিক শাখায় জ্ঞান থাকলে আরও ভালো। এআই, ডেটা, ক্লাউড, সাইবার সিকিউরিটি ক্ষেত্রের প্রোজেক্টে কাজ করতে হবে। বেতন বছরে ৯ লক্ষ টাকা।

দুই পর্বের অ্যাসেসমেন্ট টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। দেশের যে-কোনও প্রান্ত থেকে অনলাইন অ্যাসেসমেন্ট টেস্ট দেওয়া যাবে। টেস্টে সফল হলে ইন্টারভিউ।

আগ্রহীরা যত দ্রুত সম্ভব আবেদন করুন। আর্লি জয়েনিং বোনাস পাওয়ার সুযোগ রয়েছে।

আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.tcsion.com/hub/tcs-ai-careers/

প্রয়োজনে মেল করতে পারেন এই ঠিকানায়: info.tcsionhub@tcs.com

# এনআইটি-তে অধ্যাপক

প্রথম পাতার পর

**শূন্যপদের বিন্যাস:** অ্যাসোসিয়েট প্রফেসর: ২২টি (তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। **প্রফেসর:** ১০টি (ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

নিয়োগ করা হবে এই সব বিষয়ে: বায়ো-ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, কেমিস্ট্রি, ফিজিক্স, ম্যাথমেটিক্স, ম্যানেজমেন্ট হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস। এর মধ্যে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং ম্যাথমেটিক্সে কেবল অ্যাসোসিয়েট প্রফেসর নিয়োগ করা হবে।

**বেতনক্রম:** প্রফেসর পদের ক্ষেত্রে ১,৫৯,১০০-২,২০,২০০ টাকা। অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে ১,৩৯,৬০০-২,১১,৩০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nita.ac.in অনলাইন দরখাস্ত করা যাবে ৩১ মার্চ পর্যন্ত। দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

অনলাইনে দরখাস্তের ফি বাবদ দিতে হবে ২,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,০০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র-সহ অনলাইন দরখাস্তের প্রিন্ট আউট ১৫ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: To The Registrar, NIT Agartala, Barjala, Jirania, TRIPURA (W)-799 046.

শিক্ষাগত যোগ্যতা-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বদমাল অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার

প্রথম পাতার পর

অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে এবং এনসিভিটি (পূর্বতন এনসিটিভিটি) স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে। আইএমসিপি, এমএমসিপি, এলএসিপি, প্রোসেস প্লান্ট অপারেটর, ফিটার জেনারেল, মেশিনিস্ট, টার্নার, শীট মেটাল ওয়ার্কার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক মেকানিক, বয়লার অ্যাটেন্ড্যান্ট, মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং মেকানিক ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট বা আইটিআই ট্রেড সার্টিফিকেট থাকলেও আবেদন করতে পারেন।

**বয়স:** দরখাস্তের শেষ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**মূল বেতন:** ১৯,৯০০ টাকা।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ট্রেড টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://munitionsindia.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

**পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন:** ✓প্রার্থীর সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট মাপের ফটো। ১টি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন ও ফটোর উপর সই করে দেবেন। আর ১ কপি ফটোর পিছনে প্রার্থীর নাম ও জন্মতারিখ লিখে দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ওবিসি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (থাকলে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন "APPLICATION FOR THE POST OF TENURE BASED DBW ON CONTRACT BASIS". দরখাস্ত নির্দিষ্ট তারিখের মধ্যে ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chief General Manager, Ordnance Factory Badmal, PO - Badmal, District - Balangir, Pin - 767070 ODISHA.

দরখাস্ত পাঠানোর শেষ তারিখ সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট : https://munitionsindia.in

# নার্সিং ও প্যারামেডিক্যালের ডিগ্রি কোর্স

প্রথম পাতার পর

টেকনোলজি (পি টি), ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট (পি এ), মেডিক্যাল মাইক্রোবায়োলজি (এম এম), ভিশন সায়েন্সেস অ্যান্ড অপ্টোমেট্রি (ভি এস ও), হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন (এইচ এ), মেডিক্যাল মাইক্রোবায়োলজি (এম এম), ভিশন সায়েন্সেস অ্যান্ড অপ্টোমেট্রি (ভি এস ও), অক্যুপেশনাল থেরাপি (ও টি), রেডিয়োলজি অ্যান্ড ইমেজিং টেকনিক (আর আই টি), সেন্ট্রাল স্টেরিলাইজেশন অ্যান্ড ইনফেকশন কন্ট্রোল (সি এস আই সি) এবং রেসপিরেটরি থেরাপি (আর টি)।

**শিক্ষাগত যোগ্যতা:** সাধারণত বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ হলেই আবেদন করা যায়। নার্সিং কোর্সের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি এবং মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। ভিশন সায়েন্স অ্যান্ড অপ্টোমেট্রি শাখার ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, ম্যাথমেটিক্স ও ইংরেজি এবং অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশনের ক্ষেত্রে অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। অন্যান্য বাকি বিষয়ের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজি এবং অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। অক্যুপেশনাল থেরাপির ক্ষেত্রে শুধু পাশ নম্বর থাকলেই আবেদন করা যাবে।

**বয়স:** নির্দিষ্ট তারিখে অন্তত ১৭ বছরের হতে হয়। সর্বাধিক বয়স ভিশন সায়েন্স অ্যান্ড অপ্টোমেট্রির ক্ষেত্রে ৩৫ বছর এবং অন্যান্য বাকি বিষয়ের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে হতে হয়। নার্সিং, ফিজিয়োথেরাপি এবং অক্যুপেশনাল থেরাপির ক্ষেত্রে বয়সের কোনও ঊর্ধ্বসীমা থাকে না।

প্রবেশিকা পরীক্ষা নেওয়া হয় দু'টি পেপারে। প্রথম পেপারে প্রশ্ন হয় এইসব বিষয়ে: ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, বেসিক ইংলিশ এবং লজিক্যাল রিজনিং। পরীক্ষা নেওয়া হবে সকাল ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। দ্বিতীয় পেপারে (শুধু হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশনের ক্ষেত্রে) প্রশ্ন হবে এইসব বিষয়ে: ফিজিক্যাল সায়েন্স, ম্যাথমেটিক্স, জেনারেল নলেজ, বেসিক ইংলিশ এবং লজিক্যাল রিজনিং। পরীক্ষা নেওয়া হবে দুপুর ২টো থেকে সাড়ে ৩টে পর্যন্ত। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হয়। নেগেটিভ মার্কিং থাকে।

পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ২৯ মে থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbjeeb.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৫ এপ্রিল।

দরখাস্তের সময় কম্পিউটারে স্ক্যান করে আপলোড করতে হবে এইসব নথি: প্রার্থীর রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) ও সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ দিতে হবে একটি পত্রের ক্ষেত্রে ৫০০ টাকা (তফসিলি, ও বি সি এবং আর্থিক ভাবে অনগ্রসরদের ক্ষেত্রে ৪০০ টাকা) ও দু'টি পত্রের ক্ষেত্রে ৮০০ টাকা (তফসিলি, ও বি সি এবং আর্থিক ভাবে অনগ্রসরদের ক্ষেত্রে ৬৫০ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। অনলাইন ব্যবস্থায় নেট ব্যাঙ্কিং বা ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা কিউ আর কোডের মাধ্যমে ফি জমা দিতে হবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

আবেদনের সময় কোনও ভুল হয়ে থাকলে তা সংশোধন করা যাবে ১৭ থেকে ১৯ এপ্রিলের মধ্যে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রামকৃষ্ণ মিশনে ব্যবসামুখী প্রশিক্ষণ

**নিজস্ব সংবাদদাতা:** এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর ও ওয়াশিং মেশিন মেরামতি ও রক্ষণাবেক্ষণের কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশনের বেলুড় মঠের জনশিক্ষা মন্দির। কোর্স শেষে ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (এনএসডিসি)-এর সার্টিফিকেট প্রদান করা হবে। কোর্সের মেয়াদ ৬ মাস।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক।

সপ্তাহে ৩ দিন ক্লাস— সোম, মঙ্গল ও বুধবার সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত। কোর্স ফি: ১০,০০০ টাকা।

আগে এলে আগে সুযোগের ভিত্তিতে প্রার্থীদের ভর্তি নেওয়া হবে। ভর্তির আবেদনপত্র পাওয়া যাবে রামকৃষ্ণ মিশনের বেলুড় মঠের জনশিক্ষা মন্দিরের অফিসে। ভর্তির সময়ে সঙ্গে লাগবে: ২ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো, আধার কার্ডের নকল, মাধ্যমিকের অ্যাডমিট কার্ড ও মার্কশিটের নকল এবং কোর্স অনুযায়ী ফি। ভর্তির শেষ তারিখ জানানো হয়নি। দ্রুত আবেদন করুন। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ০৩৩ ২৬৫৪-১১৪৫, ৭৪৭৮৪৮৭৬৬৩।


TITAN EYE+
A TATA Enterprise
একটা কিনে পান একটা ফ্রি
টাইটান ও ফাস্ট্ট্র্যাক চশমার উপর।
একটা #frameover কেনার সেরা কারণ
*T&C apply
নিকটতম দোকান খুঁজুন
আজই আপনার বিনামূল্যে চোখের পরীক্ষা করান।
কেনাকাটা করুন www.titaneyeplus.com এ
এবং সারা ভারতের 900+ স্টোর থেকে

# পাঞ্জাব স্টেট ডিয়ার বৈশাখী বাম্পার ২০২৬

টিকিট MRP ₹৫০০

ড্র এর তারিখ
১৮.০৪.২০২৬
সন্ধ্যা ৬ টা থেকে

প্রথম পুরস্কারের পরিমাণ
₹ ৬ কোটি
গ্যারান্টিড

সেলারের পুরস্কারের পরিমাণ: ₹৩০ লাখ

প্রথম পুরস্কার ড্র হবে শুধুমাত্র বিক্রি হওয়া টিকিটের মধ্যে

সাব-স্টকিস্টের পুরস্কারের পরিমাণ: ₹ ১০ লাখ

দ্বিতীয় পুরস্কারের পরিমাণ
₹ ৫০ লাখ
সেলারের পুরস্কারের পরিমাণ: ₹ ৫ লাখ
সাব-স্টকিস্টের পুরস্কারের পরিমাণ: ₹ ২ লাখ

তৃতীয় পুরস্কারের পরিমাণ
₹ ২৫ লাখ
সেলারের পুরস্কারের পরিমাণ: ₹ ২ লাখ
সাব-স্টকিস্টের পুরস্কারের পরিমাণ: ₹ ১ লাখ

জিতুন আরও অনেক আকর্ষণীয় পুরস্কার

★ Prize Amount for Sellers & Sub-Stockists above ₹ 10,000 should be claimed from Government only
★ TDS 2% applicable on Sellers & Sub-stockists prize amount (Section 194G)

Issued by : Directorate of Small Savings, Banking and Lotteries, Punjab

বিশদে জানতে ফোন করুন (টোল ফ্রি): 1800 103 6711 (WB)

LIVE STREAM http://www.punjabiloteries.com/livedraw

জলে-জমিতে কর্মক্ষেত্র

# গ্রীষ্মকালীন কলাই ডালশস্যের চাষ



গ্রীষ্ম ও বর্ষাকালীন ফসল হিসেবে পশ্চিমবঙ্গে কলাইয়ের চাষ করা হয়। এই চাষের জন্য প্রয়োজন জলনিকাশির সুবিধাযুক্ত জমি আর হালকা জলসেচ। রোগ-পোকার আক্রমণ খুব বেশি হয় না। যেটুকু হয়, তা আগাম কিছু সতর্কতা নিলে ঠেকানো যায়। জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।

ডালশস্য কলাই মূলত গ্রীষ্ম ও বর্ষাকালেই চাষ করা হয় পশ্চিমবঙ্গে। কলাই ডালে ১৭-২০ শতাংশ প্রোটিন ছাড়াও ফাইবার, কার্বোহাইড্রেট, খনিজ মৌল এবং প্রচুর পরিমাণে লাইসিনের মতো অ্যামিনো অ্যাসিড মজুত থাকে।

## মাটি

গ্রীষ্মকালীন কলাই চাষের জন্য দোঁয়াশ বা বেলে-দোঁয়াশ মাটি আদর্শ। জলনিকাশির সুবিধা সহ উঁচু ও মাঝারি অবস্থানের জমিই সবচেয়ে উপযুক্ত।

## জাত

পশ্চিমবঙ্গে গ্রীষ্মকালে কলাইচাষের উপযুক্ত জাতগুলি হল— সারদা, গৌতম, বসন্তবাহার, পন্থইউ-৩১, পিডিইউ-১, উত্তরা এবং আজাদ ইউ-১।

## জমি তৈরি

কলাই চাষের জমি তৈরির জন্য প্রথমে ৪-৫ বার লাঙল দিয়ে জমি চাষ দিতে হবে। আগাছা তুলে ফেলে মাটিকে ঝুরঝুরে করে নেওয়ার পর সমতল করে নিতে হবে। জলনিকাশের সুব্যবস্থা রাখতে হবে।

## বীজ বপন

গ্রীষ্মকালীন চাষের জন্য মার্চ মাসের শেষ পর্যন্ত উপযুক্ত সময়। ৩০ সেন্টিমিটার দূরত্ব রেখে সারিতে বীজ বপন করতে হবে। এ জন্য বিঘাপ্রতি ৩-৪ কেজি বীজের প্রয়োজন। বপনের ৭ দিন আগে প্রতি কেজি বীজের জন্য ২ গ্রাম পরিমাণ থাইরাম মিশিয়ে বীজ শোধন করে নিতে হবে। গাছ থেকে গাছের দূরত্ব রাখতে হবে ১০ সেন্টিমিটার। কলাই চাষে হালকা সেচ দেওয়া প্রয়োজন।

## জীবাণুসার

ডালশস্য চাষে জীবাণুসার প্রয়োগ অত্যন্ত আবশ্যক। বিঘাপ্রতি প্রয়োজনীয় বীজের সঙ্গে রাইজোবিয়াম প্রজাতির জীবাণুসার ২০০ গ্রাম হিসেবে, জল অথবা ঠান্ডা করা ভাতের ফেনের সঙ্গে মিশিয়ে, লেই তৈরি করে, বীজের গায়ে মাখিয়ে ছায়াতে রেখে শুকিয়ে নিতে হবে।

## মাটি শোধন ও অণুখাদ্য প্রয়োগ

অম্লমাটি কলাই চাষের জন্য অনুপযুক্ত। জমির মাটি অম্লযুক্ত হলে বীজ বোনার ৩০-৪৫ দিন আগে মাটিতে বিঘাপ্রতি ৮০-১০০ কেজি চুন প্রয়োগ করতে হবে। বোরন ও মলিবডেনাম অণুখাদ্যের অভাব থাকলে, প্রতি লিটার জলে ১ গ্রাম বোরন ২০ এবং ০.৫ গ্রাম সোডিয়াম মলিবডেট মিশিয়ে নেওয়ার পর গাছে ফুল আসার আগে স্প্রে করলে সুফল পাওয়া যাবে।

## আগাছা নিয়ন্ত্রণ

বীজ বোনার ২১ দিন পর নিড়ানির সাহায্যে আগাছা তুলে ফেলতে হবে।



অতিরিক্ত চারা গাছগুলিকেও তুলে ফেলতে হবে। ৪২ দিন পর দ্বিতীয় বার আগাছা তুলে ফেলতে হবে।

## জলসেচ

আবহাওয়া ও মাটির অবস্থা বুঝে হালকা জলসেচ করতে হবে। গাছে ফুল আসার আগে এবং ফল পরিপক্কতার সময় অবশ্যই সেচ দিতে হবে।

## ফসল চয়ন

মোটামুটি ভাবে ৮০-৮৫ গাছে ফল পেকে গেলেই শুঁটি সমেত গাছগুলি জমি থেকে কেটে ঘরে নিয়ে আসতে হবে।

## শস্য সুরক্ষা

গ্রীষ্মকালীন কলাই চাষে রোগ ও পোকার আক্রমণ ততটা প্রকট হয় না। তবে রোগের মধ্যে ছত্রাকঘটিত, গাছের ঢলে পড়া দেখা দিতে পারে। পূর্ণবয়স্ক আক্রান্ত গাছের পাতা হলুদ রং ধারণ করে, ঢলে পড়ে এবং শুকিয়ে মারা যায়। আক্রান্ত বীজ অথবা মাটিবাহিত ছত্রাক রোগজীবাণুর মাধ্যমে এই রোগের আক্রমণ ও বিস্তার ঘটে। এই রোগের আক্রমণ ঠেকাতে বীজ শোধন এবং মাটিতে জৈব সার প্রয়োগ করতে হবে।

অনেক সময় শুঁটিছিদ্রকারী পোকার আক্রমণ দেখা দেয়। পোকার লার্ভা বা ক্রীরাগুলি ফুলের কুঁড়ি, ফুল এবং ফল অর্থাৎ শুঁটিকে আক্রমণ করে। ফলের ভিতরে থাকা নরম বীজগুলিকে খেয়ে ফেলে কলাই ডালশস্যের ক্ষতি করে। এই পোকার আক্রমণ ঠেকাতে হলে সাবান বা সার্ফের দ্রবণের সঙ্গে নিমবীজের ৫ নির্যাস স্প্রে করলে সুফল পাওয়া যাবে।

KAUSHIK ROAD KING EASY RIDE
EASY RIDE
Welcome to the world of luxury

LIC HFL
LIC HOUSING FINANCE LTD
YOUR DREAM HOME JUST GOT MORE AFFORDABLE.
Home loans starting @
7.15%*
EXCITING OFFER 50%* OFF ON PROCESSING FEE.
Send "Hi" on WhatsApp® 8369998182
Scan here to Apply now!
Visit us at www.lichousing.com
*Offer valid upto 31st March, 2026. *T&C apply.




India's AI FIRST University
UPES
UNIVERSITY OF TOMORROW
MBA AT UPES
40,000+
Strong Alumni network working with brands like
Google
Nestlé
amazon
Flipkart
Deloitte.
BAIN & COMPANY
and more.
25+ Specialisations
encompassing core and high growth domains
Oil and Gas | Power | Logistics and Supply Chain | Aviation
IN KNOWLEDGE PARTNERSHIP WITH EY INDIA
AI for Business | Financial Technology | Investment Banking and Capital | Markets Strategic Financial Management
IN COLLABORATION WITH KPMG
Business Analytics | Environmental, Social and Governance Strategy and Consulting
200+ Recruiters
28.8 LPA Highest CTC#
15.5 LPA Average CTC#
UP TO 50 PERCENT SCHOLARSHIP ON OFFER*
Apply through CAT/XAT/NMAT/Others or appear for UPESMET
Application Deadline MARCH 26, 2026
SCAN TO APPLY
*Based on CAT Score. T&C apply. | #Top 10% Average CTC in AY 2024-25
For more details visit upes.ac.in or call Toll Free 040 68440685 (10 am to 7 pm)

# কারেন্ট অ্যাফেয়ার্স

১১ ফেব্রুয়ারি-২৩ ফেব্রুয়ারি

**১১ ফেব্রুয়ারি** ডোনাল্ড ট্রাম্পের শর্ত মেনে নরেন্দ্র মোদী 'ভারতমাতা'কে বেচে দিয়েছেন বলে অভিযোগ তুললেন রাহুল গান্ধী। একদিকে এপস্টিন ফাইল। অন্যদিকে আমেরিকায় ঘুষের মামলায় গৌতম আদানিকে সমনের চাপ। এই জোড়া চাপের মুখেই ট্রাম্পের শর্ত মেনে নিয়ে নরেন্দ্র মোদী বাণিজ্য চুক্তি করেছেন বলে সংসদে অভিযোগ তুলেছেন রাহুল।

## নয়াদিল্লিতে মোদী-মাকরঁ বৈঠক, ২০টি চুক্তি সই



১৭ ফেব্রুয়ারি: নয়াদিল্লিতে ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল মাকরঁ-র সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দ্বিপাক্ষিক বৈঠকের পর বিভিন্ন ক্ষেত্রে ২০টি চুক্তি সই হল। ২০২৬ সালকে ভারত-ফ্রান্স উদ্ভাবনের বছর হিসেবে ঘোষণা করেছেন মোদী। মাকরঁ জানান, এই দ্বি-পাক্ষিক সম্পর্ককে বিশেষ কৌশলগত সম্পর্কে উন্নীত করা হয়েছে। বৈঠকের পর সাংবাদিক সম্মেলনে মোদী ফ্রান্সকে ভারতের 'সবচেয়ে পুরনো কৌশলগত অংশীদার' হিসেবে তুলে ধরেছেন।


**১২ ফেব্রুয়ারি** ভারতের বিমান-বাহিনীর জন্য ফ্রান্স থেকে আরও ১১৪টি রাফাল যুদ্ধবিমান কেনার ব্যাপারে সম্মতি দিল 'ডিফেন্স অ্যাকুইজিশন কাউন্সিল' (ডিএসি)। কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংহ আছেন এই কাউন্সিলের শীর্ষে। চূড়ান্ত সম্মতি পেলে ৩.২৫ লক্ষ কোটি টাকার এই প্রস্তাব ভারতের প্রতিরক্ষা ক্ষেত্রে বৃহত্তম চুক্তি হবে।

**পশ্চিমবঙ্গে বিধানসভা ভোটের** মুখে ফের গোর্খাল্যান্ডের দাবি উঠল। গোর্খা জনমুক্তি মোর্চার প্রধান বিমল গুরুং, সাধারণ সম্পাদক রোশন গিরি এবং দার্জিলিংয়ের বিজেপি সাংসদ রাজু বিস্তা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে দেখা করে দার্জিলিং, তরাই, ডুয়ার্স নিয়ে আলাদা রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চল গঠনের দাবি জানিয়েছেন।

**ভেনেজুয়েলার ক্ষমতাচ্যুত** প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে প্রকাশ্যে সমর্থন জানালেন সেদেশের ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ডেলসি রড্রিগেজ। আমেরিকায় বন্দি থাকা সত্ত্বেও মাদুরোই দেশের নেতা বলে দাবি করলেন তিনি।

**১৩ ফেব্রুয়ারি** স্বাধীনতার আট দশক পরে নয়াদিল্লির সাউথ ব্লক ছাড়ল প্রধানমন্ত্রীর দফতর। সেন্ট্রাল ভিস্তা প্রকল্পের আওতায় প্রধানমন্ত্রীর দফতর উঠে গেল সেবা-তীর্থ ভবনে। নতুন ভবনের উদ্বোধন করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, 'প্রধানমন্ত্রীর দফতর আর পাহাড়ের চূড়ায় (রাইসিনা হিলসে) নয়, বরং মাটির কাছাকাছি।'

## উত্তর-পূর্বের প্রথম ইমার্জেন্সি ল্যান্ডিং ফেসিলিটিতে নামল মোদীর বিমান



১৪ ফেব্রুয়ারি: প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিমান অবতরণের মাধ্যমে আসামের ডিব্রুগড় জেলায় ১২৭ নম্বর জাতীয় সড়কের একাংশে নির্মিত উত্তর-পূর্বের প্রথম এমার্জেন্সি ল্যান্ডিং ফেসিলিটি (ইএলএফ)-এর সূচনা হল। জাতীয় সড়কে উপরে মোদীকে নিয়ে বায়ুসেনার সি ১৩০জে হারকিউলিস বিমান অবতরণ করে। এরপর ইএলএফ ব্যবহার করে ওঠা-নামা করে সুখোই ৩০ এমকেআই, রাফাল এবং এএন-৩২ পরিবহণ বিমান। এদিন মোদীর নেতৃত্বে মন্ত্রিসভার বৈঠকে ব্রহ্মপুত্রের তলদেশে ১৮,৬৬২ কোটি টাকার টুইন-টিউব রেল সড়ক প্রকল্পেও সবুজ সঙ্কেত দেওয়া হয়। এটি হবে ভারতের প্রথম এবং বিশ্বের দ্বিতীয় এই ধরনের জলতল সুড়ঙ্গ।



"ভারত শুরু থেকেই ওই অঞ্চলের (পশ্চিম এশিয়া) জ্বালানি-সহ সমস্ত অসামরিক পরিকাঠামোকে লক্ষ্যবস্তু করা থেকে বিরত থাকতে বলেছিল। জ্বালানি কেন্দ্রগুলিতে এই আক্রমণ গভীর উদ্বেগজনক। জ্বালানির পরিস্থিতি এখনই অনিশ্চিত। এই আক্রমণ তাকে আরও অস্থির করবে। এই ধরনের হামলা একেবারেই গ্রহণযোগ্য নয় এবং অবিলম্বে বন্ধ হওয়া দরকার।"

**রণধীর জায়সওয়াল,** *ভারতের বিদেশমন্ত্রকের মুখপাত্র*

যুদ্ধ শুরুর কুড়ি দিনের মাথায় ইজরায়েল-আমেরিকা এবং ইরান, দুই যুযুধান পক্ষ পরস্পরের তেল ও গ্যাস উৎপাদন কারখানাগুলিতে ক্ষেপণাস্ত্র হামলা শুরু করায়

## প্রয়াত শংকর



২০ ফেব্রুয়ারি: প্রয়াত হলেন বাংলা সাহিত্যের জনপ্রিয় কথা-সাহিত্যিক মণিশংকর মুখোপাধ্যায় (৯২), যিনি শংকর নামেই পাঠক মহলে সমধিক পরিচিত। নিম্নবিত্ত পরিবার থেকে উঠে আসা ব্যক্তিজীবনে নানা ধরনের কাজ, চাপরাশি, কেরানি থেকে ফেরিওয়ালার অভিজ্ঞতা— সবই তাঁর লেখক জীবনের রসদ হিসেবে কাজ করেছে। তাঁর প্রথম কালজয়ী উপন্যাস 'কত অজানারে'। সিনেমার পর্দায় চিরকালীন হয়ে আছে চৌরঙ্গী, সীমাবদ্ধ এবং জন-অরণ্য। আত্মকথামূলক 'একা একা একাশি' বইয়ের জন্য ২০২১ সালে পান সাহিত্য অ্যাকাডেমি পুরস্কার।

**বাংলাদেশের নির্বাচনকে** 'প্রতারণা-প্রহসনের নির্বাচন' বলে আক্রমণ করলেন আওয়ামী লীগ নেত্রী তথা প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এক বিবৃতিতে তিনি বলেছেন, 'দেশবাসী প্রত্যক্ষ করেছে এক পরিকল্পিত প্রতারণা-প্রহসনের নির্বাচন, যা বাংলাদেশের গণতান্ত্রিক ইতিহাসে এক কলঙ্কময় অধ্যায় হিসেবে লিপিবদ্ধ থাকবে।'

**১৫ ফেব্রুয়ারি** ইউরোপের দেশগুলির সঙ্গে সম্পর্কের উন্নতি ঘটাতে ইউরোপের সঙ্গে একাত্ম হওয়ার বার্তা দিলেন মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিয়ো। জার্মানির মিউনিখে নিরাপত্তা সংক্রান্ত শীর্ষ সম্মেলনে যোগ দিতে গিয়ে ইউরোপকে আমেরিকার সঙ্গে মিলেমিশে চলার বার্তা দিয়েছেন তিনি। এর আগে মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্সের কিছু মন্তব্যে বিরূপ প্রভাব পড়েছিল পশ্চিম ইউরোপের দেশগুলিতে।

**১৬ ফেব্রুয়ারি** বাংলাদেশের নাগরিকদের উদ্দেশে বিদায়ী ভাষণে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস দাবি করলেন, ১৭ বছর পরে দেশে একটি 'উৎসবমুখর' ও 'শান্তিপূর্ণ' জাতীয় নির্বাচন হয়েছে। ভবিষ্যতে কীভাবে নির্বাচন হওয়া উচিত তার নজির হয়ে থাকবে এবারের নির্বাচন প্রক্রিয়া।

**১৮ ফেব্রুয়ারি** ভারত সফরে এসে কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) ক্ষেত্রে এদেশের সম্ভাবনার বিপুল প্রশংসা করলেন গুগলের সিইও সুন্দর পিচাই। সেই সঙ্গে গুগলের লগ্নির প্রতিশ্রুতিও দিয়েছেন তিনি। ভারত-আমেরিকার মধ্যে নতুন কেব্‌ল-রুটের কথাও ঘোষণা করেছেন পিচাই। যা সমুদ্রের নীচ দিয়ে যাবে।

**১৯ ফেব্রুয়ারি** সরকারি পদে থেকে অসৎ কাজ করা এবং সরকারি ক্ষমতা অপব্যবহারের দায়ে গ্রেফতার হলেন ব্রিটেনের রাজা তৃতীয় চার্লসের ভাই অ্যান্ড্রু মাউন্টব্যাটেন-উইন্ডসর। মার্কিন যৌন অপরাধী এপস্টিনের কুকার্যের সঙ্গে নাম জড়ানোয় গতবছরই ব্রিটিশ রাজপরিবার অ্যান্ড্রুর সব সরকারি ও রাজকীয় খেতাব কেড়ে নেয়। গ্রেফতারির পর পুলিশের বিবৃতিতে বলা হয়েছে, আমেরিকায় ব্রিটেনের বিশেষ বাণিজ্য দূত থাকার সময়ে বিভিন্ন গোপনীয় সরকারি নথি তিনি এপস্টিনের হাতে তুলে দিয়েছিলেন।

**২০ ফেব্রুয়ারি** পশ্চিমবঙ্গে এসআইআর নিয়ে জটিলতা কাটাতে সুপ্রিম কোর্ট বিচারবিভাগীয় আধিকারিক বা কর্মরত এবং অবসরপ্রাপ্ত অতিরিক্ত জেলা বিচারকদের কাজে লাগানোর বেনজির নির্দেশ দিল। দেশের প্রধান বিচারপতি সূর্য কান্ত এদিন বলেছেন, 'নিরপেক্ষভাবে ভোটারদের নথি খতিয়ে দেখে, তাঁদের ভোটার তালিকায় রাখা বা বাদ দেওয়ার সিদ্ধান্ত নিতে আমাদের সামনে কার্যত আর কোনও বিকল্প নেই। দু-পক্ষের সম্মতিক্রমে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে বিচার বিভাগীয় অফিসার নিয়োগের অনুরোধ করা হচ্ছে। অস্বাভাবিক পরিস্থিতি। তাই অস্বাভাবিক নির্দেশ দিতে হচ্ছে।'

**২১ ফেব্রুয়ারি** সিপিএম ছেড়ে তৃণমূলে যোগ দিলেন প্রতীক-উর রহমান। এসএফআই-এর প্রাক্তন রাজ্য সম্পাদক প্রতীক-উর সিপিএম রাজ্য কমিটির সদস্য ছিলেন। গত লোকসভা নির্বাচনে ডায়মন্ড হারবার আসনে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে প্রার্থী হয়েছিলেন তিনি। এদিন অভিষেকই দলীয় পতাকা তুলে দিলেন তাঁর 'প্রাক্তন' প্রতিদ্বন্দ্বীর হাতে।

## বাংলাদেশে ক্ষমতায় বিএনপি, প্রধানমন্ত্রী তারেক



১৩ ফেব্রুয়ারি: কুড়ি বছর পর তারেক রহমানের নেতৃত্বে বাংলাদেশে ক্ষমতায় ফিরল বিএনপি। সতেরো বছর নির্বাসনের পর দেশে ফেরার কয়েক মাসের মধ্যেই রাজনৈতিক সাফল্য পেলেন তিনি। ১৭ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী পদে শপথ নিয়েছেন তারেক। পঁয়ত্রিশ বছর পর কোনও পুরুষ প্রধানমন্ত্রী পেল বাংলাদেশ।

**নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী** এবং ব্রাজিলের প্রেসিডেন্ট লুইজ ইনাসিও লুলা দ্য সিলভার বৈঠকের পর বিরল খনিজ সংক্রান্ত চুক্তিতে সই করল দুই দেশ। দ্বি-পাক্ষিক এই চুক্তির মাধ্যমে ভূকৌশলগত রাজনীতিতে ভারত অনেকটাই এগিয়ে গেল বলে দাবি নয়াদিল্লির। কারণ বিরল খনিজের সঞ্চয়ের পরিমাণগত হিসেবে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম দেশ ব্রাজিল।

**২২ ফেব্রুয়ারি** আফগানিস্তানের অন্তত সাতটি লক্ষ্যস্থলে আকাশপথে হামলা চালাল পাকিস্তান। ইসলামাবাদ দাবি করেছে, পাকিস্তানে লাগাতার জঙ্গি হানার জবাব দিতেই এই আক্রমণ। কাবুলও অবশ্য জানিয়েছে, 'হিসাব কষে প্রয়োজনীয় জবাব' তারাও দেবে। পাকিস্তান সাম্প্রতিককালে বার বার জঙ্গি হামলার শিকার হয়েছে। এর জন্য তারা আফগানি তালিবান ও ইসলামিক স্টেটকে দায়ী করেছে। পাক তথ্য ও সম্প্রচার মন্ত্রকের বক্তব্য ইসলামাবাদের শিয়া মসজিদে হামলা-সহ সাম্প্রতিক সব ক'টি সন্ত্রাসবাদী আক্রমণের পিছনে রয়েছে তালিবানের মদতপ্রাপ্ত আফগান জঙ্গি গোষ্ঠী। অন্যদিকে এই হামলার পর আন্তর্জাতিক আইন লঙ্ঘনের অভিযোগ তুলে আফগান প্রতিরক্ষা মন্ত্রক এক্স হ্যান্ডলে লিখেছে পাকিস্তানের জাতীয় প্রতিষ্ঠান কিংবা ধর্মস্থানে হামলা হওয়া তাদের নিজেদের গোয়েন্দা দফতর ও নিরাপত্তা বাহিনীর ব্যর্থতা।

**২৩ ফেব্রুয়ারি** বাংলাদেশে রাজনৈতিক পালাবদলের পর সেদেশের রাষ্ট্রপতি মুহাম্মদ সাহাবুদ্দিন জানালেন অন্তর্বর্তী সরকারের আমলে তাঁকে পদ থেকে সরিয়ে দেওয়ার চেষ্টা হয়েছিল। প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস সংবিধানের কোনও বিধান মেনে চলেননি বলে তাঁর অভিযোগ। তবে শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হওয়ার পরবর্তী সময়ে বিএনপি নেতৃত্ব তাঁর পাশে ছিল বলেও জানান সাহাবুদ্দিন।

## শুল্ক মামলায় হার হল ট্রাম্পের



২০ ফেব্রুয়ারি: মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শুল্ক নীতিকে বেআইনি ঘোষণা করল সেদেশের সুপ্রিম কোর্ট। ভারত-সহ বিভিন্ন দেশের পণ্যের উপর ট্রাম্পের বসানো যাবতীয় শুল্ককে খারিজ করেছে মার্কিন শীর্ষ আদালত। ১৯৭৭ সালে তৈরি করা যে আইনের (ইন্টারন্যাশনাল এমার্জেন্সি ইকনমিক পাওয়ার্স অ্যাক্ট বা আইইইপি) আওতায় ট্রাম্প আমদানি শুল্ক বাড়িয়েছিলেন, সেটির ব্যাখ্যা দিয়ে শীর্ষ আদালত জানিয়েছে ওই আইন প্রেসিডেন্টকে এই অধিকার দেয়নি। এই শুল্ক প্রয়োগ তাঁর এক্তিয়ার বহির্ভূত কাজ। শুল্ক এতটা বাড়াতে কংগ্রেসের সায়ও নেওয়া হয়নি। ট্রাম্প এই রায়কে হতাশাজনক এবং 'ভুল সিদ্ধান্ত' বলে জানিয়েছেন।

গুরুত্বপূর্ণ ফলাফল

# 1000+ Aakashians

JEE (MAIN) 2026-এ 99%ILE এর বেশি স্কোর করেছে

**Aakash**
Medical | IIT-JEE | Foundations

| 99.99%ile+ | 99.98%ile+ | 99.95%ile+ | 99.90%ile+ | 99%ile+ |
|---|---|---|---|---|
| 14 Students | 25 Students | 56 Students | 114 Students | 1094* Students |

*Still Counting...

## স্টেট টপার্স




## পশ্চিমবঙ্গ থেকে আমাদের স্টার পারফর্মাররা




Though every care has been taken to publish the result, yet Aakash Educational Services Ltd. shall not be responsible for inadvertent error, if any.

**99%ile 77 Classroom Students**
& Above

## ADMISSIONS OPEN

CLASS 6th-10th Studying Students
ফাউন্ডেশন কোর্স
স্কুল, অলিম্পিয়াড ও অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির জন্য
Classes 6th, 7th & 8th for selected branches only

CLASS 12th Studying Students
এক বছরের এর জন্য ইন্টিগ্রেটেড ক্লাসরুম কোর্স
for NEET / JEE

CLASS 12th Studying Students
১২ পাশ শিক্ষার্থীদের জন্য NEET / JEE রিপিটার কোর্স
for NEET / JEE

নতুন কোর্স
CLASS 11th Studying Students
দু'বছরের এর জন্য ইন্টিগ্রেটেড ক্লাসরুম কোর্স
For NEET
WBCHSE

ইনস্ট্যান্ট অ্যাডমিশন কাম স্কলারশিপ টেস্ট (IACST)-এ অংশ নিন

মোট ৯০% পর্যন্ত স্কলারশিপ পান

NEET 2026-এর জন্য ক্র্যাশ কোর্স / টেস্ট ও ডিসকাশন কোর্স
ব্যাচ শুরু: ৩১.০৩.২০২৬

**Visit Your Nearest Centre:** Bankura | Durgapur | Howrah | Kharagpur | Kolkata Barrackpore | Bansdroni | Central | North (Med. Wing) | North (Engg. Wing) | South (Med. Wing) | South (Engg. Wing) | Siliguri | Tamluk | Asansol-IC | Behrampur-IC | Burdwan-IC | Malda-IC

Scan QR code to Nearest Centre

(HELPLINE): 8800013151 | VISIT: aakash.ac.in | Aakash INVICTUS Advanced JEE Prep Program | Aakash Medical | IIT-JEE | Foundations

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

95. নীচের কোন বন্দরটিতে একটি মুক্ত বাণিজ্য অঞ্চল আছে?
(a) পারাদ্বীপ (b) কান্ডালা (c) কোচি (d) তুতিকোরিন
96. আগ্রা শহরটি কে নির্মাণ করেন?
(a) ফিরোজ শাহ তুঘলক (b) মহম্মদ বিন তুঘলক (c) আলাউদ্দিন খিলজি (d) সিকান্দার লোদী
97. 'মৈনুদ্দৌলা ট্রফিটি' কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ফুটবল (b) ক্রিকেট (c) হকি (d) টেনিস
98. নীচের কোনটি বহুমূল্য রত্ন নয়?
(a) মুক্তা (b) চুনী (c) পোখরাজ (d) পান্না
99. 'হুতোম প্যাঁচার নক্সা'-র লেখক কে?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) বনফুল (c) কালীপ্রসন্ন সিংহ (d) তারাশঙ্কর
100. 'বানজারা' উপজাতির মানুষ কোন রাজ্যে বাস করে?
(a) তামিলনাড়ু (b) ওড়িশা (c) মহারাষ্ট্র (d) রাজস্থান
101. 'ইকতা' প্রথার প্রবর্তন কে করেন?
(a) মহম্মদ ঘোরি (b) কুতুবউদ্দিন আইবক (c) ইলতুৎমিস (d) গিয়াসুদ্দিন বলবন
102. 'সারাবতী জলবিদ্যুৎ প্রকল্প' কোন রাজ্যে অবস্থিত?
(a) কর্নাটক (b) তামিলনাড়ু (c) ওড়িশা (d) কেরল
103. রাজস্থানের কোন শহরকে 'নীল শহর' বলা হয়?
(a) জয়সলমীর (b) যোধপুর (c) জয়পুর (d) বিকানীর
104. 'বিবি কা মকবরা' কার সমাধিস্থল?
(a) মমতাজ-এর (b) গুলবদন বেগম-এর (c) ঔরঙ্গজেবের পত্নীর (d) নুরজাহানের
105. শরদিন্দু বন্দ্যোপাধ্যায় রচিত প্রথম 'ব্যোমকেশ' কাহিনী কোনটি?
(a) চিড়িয়াখানা (b) অগ্নিবান (c) ধূমকেতু (d) পথের কাঁটা
106. লটারিতে কোন তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে?
(a) রাজ্য তালিকা (b) কেন্দ্রীয় তালিকা (c) যুগ্ম তালিকা (d) একক তালিকা
107. জওহর রোজগার যোজনা কত সালে চালু হয়েছিল?
(a) 1985 (b) 1989 (c) 1993 (d) 1995
108. কোন রাজ্যে সর্বপ্রথম সবুজ বিপ্লব সংগঠিত হয়?
(a) রাজস্থান (b) পাঞ্জাব (c) হরিয়ানা (d) উত্তরপ্রদেশ
109. সংগীতের আদিগুরু কাকে বলে?
(a) ব্রহ্মা (b) বিষ্ণু (c) ইন্দ্র (d) মহেশ্বর
110. 'তৈমুরলঙ' কোথাকার রাজা ছিলেন?
(a) আফগানিস্থান (b) কাবুল (c) সমরখন্দ (d) গজনি
111. কত মাইল উপরে আকাশ শেষ হয়ে মহাকাশ শুরু হয়েছে?
(a) 100 মাইল (b) 75 মাইল (c) 60 মাইল (d) 50 মাইল
112. 'ব্যারেন দ্বীপ' কোথায় অবস্থিত?
(a) কিউবা (b) ব্রাজিল (c) আন্দামান নিকোবর (d) জাপান
113. ভারতের উচ্চতম পর্বতশৃঙ্গ কোনটি?
(a) কাঞ্চনজঙ্ঘা (b) K2 (c) নন্দাদেবী (d) অন্নপূর্ণা
114. 'আন্তর্জাতিক নারী দিবস' কোনটি?
(a) 8 মার্চ (b) 11 ডিসেম্বর (c) 7 মার্চ (d) 12 ডিসেম্বর
115. ডেনমার্কের সংসদভবন কী নামে পরিচিত?
(a) ডুমা (b) মজলিস (c) নিসেট (d) ফোকেটিং
116. 'মানি বিল' অনুমোদিত হয় কোথায়?
(a) রাজ্যসভায় (b) লোকসভায় (c) লোকসভা ও রাজ্যসভার সংযুক্ত অধিবেশনে (d) কোনওটিই নয়
117. 'হাইপেরিয়ন' কোন গ্রহের উপগ্রহ?
(a) মঙ্গল (b) বৃহস্পতি (c) শনি (d) শুক্র
118. 'সার্বজনীন দাতা' কোন শ্রেণীর রক্তকে বলা হয়?
(a) B (b) A (c) O (d) AB
119. তাইওয়ান দেশটির অপর নাম কী?
(a) গারলিক (b) নিপ্পন (c) ফরমোসা (d) সিজার
120. 'হরিলেলা' কাপ কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ক্রিকেট (b) ব্যাডমিন্টন (c) বাস্কেটবল (d) ফুটবল
121. 'সতীদাহ প্রথা' কে রোধ করেছিলেন?
(a) লর্ড কার্জন (b) লর্ড মিন্টো (c) লর্ড বেন্টিঙ্ক (d) লর্ড রিপন
122. নীচের কোন উদ্ভিদ বীজ একবীজপত্রী?
(a) ভুট্টা (b) আম (c) তেঁতুল (d) কুমড়ো
123. নির্বাচিত পঞ্চায়েত ব্যবস্থা প্রথম কোন যুগে ছিল?
(a) সুলতানী যুগে (b) পাল যুগে (c) গুপ্ত যুগে (d) বৈদিক যুগে
124. কোন রোগটি বংশগত?
(a) আমাশয় (b) হিমোফিলিয়া (c) ক্যান্সার (d) নিউমোনিয়া
125. জাহাজে কোন যন্ত্রের সাহায্যে দ্রাঘিমা নির্ণয় করা হয়?
(a) ওডিওমিটার (b) ক্রোনোমিটার (c) সেক্সট্যান্ট (d) কম্পাস
126. 'ইউকিয়ো' কোন দেশের শিল্পকলা?
(a) চিন (b) মায়ানমার (c) উত্তর কোরিয়া (d) জাপান
127. মানুষের দেহে ক্ষণস্থায়ী গ্রন্থি কোনটি?
(a) অগ্ন্যাশয় (b) থাইমাস (c) পিটুইটারি (d) থাইরয়েড
128. কোন অ্যাসিডকে 'রসায়নের রাজা' বলা হয়?
(a) হাইড্রোক্লোরিক অ্যাসিড (b) ফসফরাস অ্যাসিড (c) মিউরিয়েটিক অ্যাসিড (d) সালফিউরিক অ্যাসিড
129. জওহর রোজগার যোজনা শুরু করেছিলেন:
(a) ইন্দিরা গান্ধী (b) রাজীব গান্ধী (c) জওহরলাল নেহরু (d) নরেন্দ্র মোদী
130. 'পাপেতি' কোন ধর্মের উৎসব?
(a) জৈন (b) বৌদ্ধ (c) শিখ (d) পার্সি
131. মানবদেহের কোন অংশ প্লিউরা দ্বারা আবৃত?
(a) হৃৎপিণ্ড (b) ফুসফুস (c) দাঁত (d) নখ
132. কফি তৈরি করা হয় ——— থেকে।
(a) ফল (b) পাতা (c) ফুল (d) বীজ
133. কোন রোগের ফলে রোগীর মনে 'জলাতঙ্ক' দেখা দেয়?
(a) ফাইলেরিয়া (b) ধনুষ্টঙ্কার (c) জলবসন্ত (d) র‍্যাবিস
134. কার্বনের কেলাসাকার রূপ হল:
(a) লিগনাইট (b) হীরে (c) চারকোল (d) কোককয়লা
135. পেনিসিলিনের আবিষ্কারক কে?
(a) আলেকজান্ডার ফ্লেমিং (b) লুইপাস্তর (c) ইভান পাওয়েল (d) রস টেলর
136. 'মোহিনীঅট্টম' কোথাকার নৃত্য?
(a) কর্নাটক (b) কেরল (c) মধ্যপ্রদেশ (d) তামিলনাড়ু
137. পৃথিবীর সবচেয়ে কাছের গ্রহ কোনটি?
(a) শুক্র (b) বুধ (c) মঙ্গল (d) প্লুটো
138. টিনের আকরিকের নাম কী?
(a) সিনেবার (b) গ্যালেনা (c) ক্যাসিটেরাইট (d) পিচব্লেন্ড
139. সমুদ্রতল থেকে গড় উলম্ব উচ্চতাকে বলে ———।
(a) দৈর্ঘ্য (b) উচ্চতা (c) গভীরতা (d) প্রসারতা
140. বায়ুমণ্ডলের মূল উপাদান কী?
(a) অক্সিজেন (b) হাইড্রোজেন (c) কার্বন ডাইঅক্সাইড (d) নাইট্রোজেন
141. কাকে বলা হত 'ভারতের সর্বাধিক বৃদ্ধ মানুষ'?
(a) মহাত্মা গান্ধী (b) দাদাভাই নওরোজি (c) জামশেদজি টাটা (d) নেতাজি সুভাষচন্দ্র বসু
142. মথুরা শিল্পকলা কোন সময় জনপ্রিয়তা অর্জন করে?
(a) কুষাণ যুগে (b) গুপ্ত যুগে (c) শুঙ্গ যুগে (d) সাতবাহন যুগে
143. 'মাতৃভাষায় সংবাদপত্র আইন' কত সালে জারি হয়?
(a) 1876 (b) 1877 (c) 1878 (d) 1879
144. নীচের কর/শুল্কগুলির কোনটি কেন্দ্রীয় সরকারের আওতাভুক্ত নয়?
(a) ব্যক্তিগত আয়কর (b) কোম্পানি আয়কর (c) বহিঃশুল্ক (d) ভূমিরাজস্ব
145. বাংলার-আদিনা মসজিদ কে নির্মাণ করেন?
(a) আজম শাহ (b) হামজা শাহ (c) সিকান্দার শাহ (d) ইলিয়াস শাহ
146. ভাষার ভিত্তিতে গঠিত প্রথম ভারতীয় রাজ্য কোনটি?
(a) অন্ধ্রপ্রদেশ (b) পশ্চিমবঙ্গ (c) তামিলনাড়ু (d) কেরল
147. মৈথিলী সাহিত্যের শ্রেষ্ঠ লেখক কে?
(a) গুণধর বসু (b) বিদ্যাপতি (c) তানসেন (d) জয়দেব
148. টাঙস্টেন ধাতুর অপর নাম কী?
(a) অ্যালুমিনা (b) জিব্বারেলিন (c) উলফ্রাম (d) মোনাজাইট
149. সংবিধানে 73তম সংশোধনী কীসের সঙ্গে যুক্ত?
(a) জলকর (b) পঞ্চায়েতি রাজ (c) তপশিলী উপজাতির উন্নয়ন (d) পথকর
150. রবীন্দ্রনাথের কোন উপন্যাসে শ্রীরামকৃষ্ণদেবের কথা উইল্লেখ আছে?
(a) মালঞ্চ (b) ঘরে বাইরে (c) চতুরঙ্গ (d) যোগাযোগ
151. এস্কিমোদের ঘর 'ইগলু' কী দ্বারা তৈরি?
(a) ইট (b) পাথর (c) কাঠ (d) বরফ
152. কাশ্মীরের নববর্ষ উৎসব কী নামে পরিচিত?
(a) নওরোজ (b) গুন্ডিচা (c) নাকারা (d) সিতারা
153. তবলা নামক বাদ্যযন্ত্রের প্রবর্তক কে?
(a) অলবেরুনী (b) আমির খসরু (c) তানসেন (d) সৈয়দ বিসমিল্লা
154. ASEAN সংস্থাটি কবে স্থাপিত হয়েছিল?
(a) 1965 (b) 1966 (c) 1967 (d) 1968
155. 'পেসো' কোন দেশের মুদ্রার নাম?
(a) আমেরিকা (b) উরুগুয়ে (c) আর্জেন্টিনা (d) স্কটল্যান্ড
156. 'পিচোলা হ্রদ' কোথায় অবস্থিত?
(a) উদয়পুর (b) হৃদয়পুর (c) নিউজলপাইগুড়ি (d) দ্বারভাঙা
157. ক্ষমতার একক কী?
(a) ভোল্ট (b) ওয়াট (c) জুল (d) ডাইন
158. নীচের কোন শহরটিকে 'ভারতের মক্কা' বলা হয়?
(a) কলকাতা (b) সুরাট (c) জয়পুর (d) দার্জিলিং
159. নীচের শব্দগুলিকে ইংরেজি অভিধান অনুযায়ী সাজালে কী হবে?
1. Jumbo Jet 2. Juggling 3. Justice 4. Jewel (d) Jealous
(a) 54231 (b) 45231 (c) 13254 (d) 54213
160. 'বন্যজীবন সংরক্ষণ আইন' চালু করা হয় কত সালে?
(a) 1970 (b) 1971 (c) 1972 (d) 1973
161. স্বাধীন ভারতের প্রথম মহিলা রাজ্যপাল কে ছিলেন?
(a) সরোজিনী নাইডু (b) ইন্দিরা গান্ধী (c) অমৃতা আরোরা (d) বিজয়লক্ষ্মী পণ্ডিত

**উত্তর**

95(b), 96(d), 97(b), 98(a), 99(c), 100(d), 101(c), 102(a), 103(b), 104(c), 105(d), 106(a), 107(b), 108(b), 109(a), 110(c), 111(d), 112(c) 113(b), 114(a), 115(d), 116(b), 117(c), 118(c), 119(c), 120(b) 121(c) 122(a), 123(d), 124(b), 125(b), 126(d), 127(b), 128(d), 129(b), 130(d), 131(b), 132(d), 133(d), 134(b), 135(a), 136(b), 137(c), 138(c) 139(c), 140(d), 141(b), 142(a), 143(c), 144(d), 145(c) 146(a), 147(b), 148(c), 149(b), 150(a), 151(d), 152(a), 153(b), 154(c), 155(c), 156(a), 157(b), 158(b), 159(d), 160(c), 161(a).

**এরপর আগামী সংখ্যায়**
*প্রস্তুত করেছেন: সাগর রায়*

# রেলে নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি

### সি বি টি-১ নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

64(d): $18 : x = x : 8$ বা, $18 \times 8 = x^2$
$\therefore x = \sqrt{144} = 12.$
65(c): $\frac{(0.09+0.03)(0.09-0.03)}{0.09+0.03} = (0.09 - 0.03) = 0.06.$
66(a): আমরা জানি, গ.সা.গু × ল.সা.গু = সংখ্যাদু'টির গুণফল
$\therefore$ অপর সংখ্যা $= \frac{6 \times 36}{12} = 18.$
67(b): $(x - 3y)^2 = 0 \Rightarrow x - 3y = 0 \Rightarrow x = 3y \Rightarrow \frac{x}{y} = \frac{3}{1}.$
68(c): $? = \sqrt{18+123-20} = \sqrt{121} = 11.$
69(a): আমরা জানি, $a^2 + b^2 + 2ab = (a + b)^2$
$\therefore (0.65)^2 + (0.35)^2 + 2 \times .35 \times .65 = (0.65 + 0.35)^2 = 1.00.$
70(a): $(256)^{.16+.09} = (256)^{0.25}$
$= (256)^{25/100} = (256)^{1/4} = (4^4)^{1/4} = 4^{4 \times 1/4} = 4^1 = 4.$
71(d): বাকিগুলি রাস্তায় চলে।
72(d): $F \xrightarrow{+5} K \xrightarrow{+6} Q \xrightarrow{+7} X$
$C \xrightarrow{+5} H \xrightarrow{+6} N \xrightarrow{+7} U$
$D \xrightarrow{+5} I \xrightarrow{+6} O \xrightarrow{+7} V$
কিন্তু, $J \xrightarrow{+5} O \xrightarrow{+6} U \xrightarrow{+8} C.$
73(d): $14 \times 4 = 56, 12 \times 4 = 48, 8 \times 4 = 32$ কিন্তু, $6 \times 5 = 30.$
74(d) 387 সংখ্যাটি ছাড়া বাকিগুলি মৌলিক সংখ্যা।
75(d): $\frac{1}{2}(10 + 12 + 16) = 19, \frac{1}{2}(15 + 17 + 20) = 26$
একইভাবে, $? = \frac{1}{2}(12 + 18 + 40) = 35.$
76(c): $? = 18 - 5 + 5 \times 6 \Rightarrow ? = 13 + 30 \Rightarrow ? = 43.$
77(b): $6 + 6 = 12, 12 + 8 = 20, 20 + 10 = 30, 30 + 12 = \mathbf{42}$
$42 + 14 = 56, 56 + 16 = 72.$
78(b): অভিধান অনুযায়ী, সজালে হবে:
Pale ⇒ Pasture ⇒ Pinned ⇒ Pound ⇒ Provoice.
79(a): Pager ⇒ Peble ⇒ Pest ⇒ Pray ⇒ Product.
80(b): $\frac{x}{(x+1)^2} = \frac{5}{36}$
81(d): $27 = (3)^3, 64 = (4)^3, 125 = (5)^3, 216 = (6)^3.$
82(a): $50 \times 1 = 50, 50 \times 1.5 = 75, 75 \times 2 = 150, 150 \times 2.5 = 375.$
83(c): $5; 5 \times 3 + 1 = 16, 16 \times 3 + 3 = 51, 51 \times 3 + 5 = 158$
$158 \times 3 + 7 = 481.$
84(a): B C <u>D E</u> F G, J K <u>L M</u> N O, R S <u>T U</u> V W, Z A <u>B C</u> D E.
85(a): K – 11, M –13.
87(b): $16 \times 2 = 32$, তাহলে, $56 \times 2 = 112.$
88(b): DEAF = 3587, FILE = 7465
তাহলে, IDEAL = 43586.
89(a): $2 \rightarrow 9 = 29, 29 + 9 = 38, 38 + 9 = 47, 47 + 9 = 56.$
90(b): $37 \xrightarrow{+8} 45 \xrightarrow{+8} 53 \xrightarrow{+8} 61 \xrightarrow{+8} 69.$
91(c): বাকিগুলি আত্মীয় স্বজন।
92(c): তামিলনাড়ু উত্তর-পূর্বের রাজ্য নয়।
93(d): কেনিয়া, সরকারিভাবে আয়োজিত অর্ন্তদেশীয় ক্রিকেট খেলে না।
94(d): শঙ্করদয়াল শর্মা ভারতের রাষ্ট্রপতি ছিলেন।
95(c): $4^2 - 1, 7^2 - 1, 8^2 + 1, 9^2 - 1.$
97(b): D = 4, E = 5, A = 1 তাহলে, DEA = 10
একইভাবে, ACE = 1 + 3 + 5 = 9.
98(c): $81 = 9^2, 100 = 10^2, 121 = 11^2, 144 = 12^2, 196 = 14^2$
তাহলে, $13^2 = 169$ (168 ভুল)।
99(a): $29 \times 8 = 232.$
100(c): $\sqrt{\frac{72}{2}} + 7 = 13.$

প্রস্তুত করেছেন: সাগর রায়

# কী পড়বেন, কোথায় পড়বেন

## ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্টে ডিগ্রি কোর্স

ফুটওয়্যার ডিজাইন-সংক্রান্ত বেশ কয়েকটি স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট ইনস্টিটিউট। এটি কেন্দ্রের বাণিজ্য ও শিল্প মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। কোর্স শুরু হবে জুলাইয়ে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**ব্যাচেলর অব ডিজাইন** কোর্স পড়ানো হবে এই সব বিষয়ে: ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড প্রোডাকশন, স্পোর্টস অ্যান্ড লাইফ স্টাইল ফুটওয়্যার ডিজাইন হাই ফ্যাশন ফুটওয়্যার, লেদার লাইফ স্টাইল অ্যান্ড প্রোডাক্ট ডিজাইন, ডিজিটাল প্রোডাক্ট ডিজাইন অ্যান্ড ভার্চুয়াল প্রোটোটাইপিং, ফ্যাশন কমিউনিকেশন, টেক্সটাইল অ্যান্ড অ্যাপারেল ডিজাইন, ফ্যাশন ডিজাইন। এ ছাড়াও বি বি এ কোর্স পড়ানো হবে রিটেল অ্যান্ড ফ্যাশন মার্চেন্ডাইজ, সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, ডেটা সায়েন্স অ্যান্ড বিজনেস অ্যানালিটিক্স, গ্লোবাল লাক্সারি ব্র্যান্ড ম্যানেজমেন্ট।

প্রতিটি কোর্সের মেয়াদ ৪ বছর।

**মাস্টার অব ডিজাইন** কোর্স পড়ানো হবে এই বিষয়ে: ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড প্রোডাকশন, ফ্যাশন ডিজাইন। এ ছাড়াও এম বি এ কোর্স পড়ানো হবে রিটেল অ্যান্ড ফ্যাশন মার্চেন্ডাইজ, সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, ডেটা সায়েন্স অ্যান্ড বিজনেস অ্যানালিটিক্স, গ্লোবাল লাক্সারি ব্র্যান্ড ম্যানেজমেন্ট, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিষয়ে।

প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর।

**আসনসংখ্যা:** সারা দেশজুড়ে থাকা ১২টি ক্যাম্পাসে স্নাতক কোর্সের ক্ষেত্রে ১,৮৭০টি এবং স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে ৫১০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক কোর্সের ক্ষেত্রে যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড প্রোডাকশন, ফ্যাশন ডিজাইন এবং রিটেল অ্যান্ড ফ্যাশন মার্চেন্ডাইজ বিষয়ের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক হলেই আবেদন করা যাবে। ফাইনাল ইয়ারের পরক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

**বয়স:** স্নাতক কোর্সের ক্ষেত্রে ১-৭-২০২৬ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় পরীক্ষা— অল ইন্ডিয়া সিলেকশন টেস্ট (এ আই এস টি)-এর মাধ্যমে। পরীক্ষা ১০ মে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। কম্পিউটারভিত্তিক পরীক্ষায় ২০০ নম্বরের মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে চারটি সেকশনে। স্নাতক স্তরের ক্ষেত্রে প্রশ্ন থাকবে অ্যানালিটিক্যাল এবিলিটি, ডিজাইন অ্যাপ্টিটিউড টেস্ট, জেনারেল অ্যাওয়ারনেস, কম্প্রিহেনশন ও গ্রামার এবং বিজনেস অ্যাপ্টিটিউড টেস্ট এবং স্নাতকোত্তরের ক্ষেত্রে ইংলিশ কম্প্রিহেনশন অ্যান্ড গ্রামার, অ্যানালিটিক্যাল এবিলিটি, জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স এবং ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড ও ডিজাইন অ্যাপ্টিটিউট বিষয়ে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fddiindia.com অনলাইন আবেদনের শেষ তারিখ ২০ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং সই আপলোড করতে হবে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৬০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩০০ টাকা)। অনলাইন আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করবেন।

আবেদনের ফর্ম সংশোধন করা যাবে ২১ ও ২২ এপ্রিল।

ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট এবং সাবমিট করা আবেদনপত্রের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

আবেদন পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটে এম এসসি কোর্স

ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, কম্পিউটার সায়েন্স এবং মেডিক্যাল ল্যাবরেটরি সায়েন্স অ্যান্ড টেকনোলজির এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর।

শিক্ষাগত যোগ্যতা: **কম্পিউটার সায়েন্স এবং ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের ক্ষেত্রে** ম্যাথমেটিক্যাল সায়েন্সেস (কম্পিউটার সায়েন্স, ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, ফিজিক্স বা সমতুল) বা ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বা ৪ বছরের স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। প্রার্থীকে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

**মেডিক্যাল ল্যাবরেটরি সায়েন্স অ্যান্ড টেকনোলজির ক্ষেত্রে** মেডিক্যাল ল্যাবরেটরি অ্যান্ড টেকনোলজিতে বি এসসি। অথবা মাইক্রোবায়োলজি বা বায়োকেমিস্ট্রি বা বায়োটেকনোলজিতে অনার্স-সহ বি এসসি। অথবা বায়োলজিক্যাল সায়েন্সেসের যে-কোনও শাখায় অনার্স-সহ বি এসসি, সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা। প্রার্থীকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ও কম্পিউটার সায়েন্সের ক্ষেত্রে ৩০ মে। মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি ও সায়েন্সের ক্ষেত্রে পরীক্ষার তারিখ এখনও জানানো হয়নি।

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://rkmvu.ac.in আবেদনের শেষ তারিখ ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ও কম্পিউটার সায়েন্সের ক্ষেত্রে ২২ মে এবং মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি ও সায়েন্সের ক্ষেত্রে ১৫ জুন। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, মার্কশিট ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ৩০০ টাকা। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## সেরামিকের কাজ শেখাবে কল্যাণী বিশ্ববিদ্যালয়




**নিজস্ব প্রতিনিধি:** সেরামিকের কাজ শেখার সুযোগ করে দিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। এই বিশ্ববিদ্যালয়ে ভিশুয়াল আর্টস বিভাগের তত্ত্বাবধানে সেরামিক ডিজাইনের এক বছরের সার্টিফিকেট কোর্স পড়ানো হবে। চলতি বছরের এপ্রিল থেকে ক্লাস শুরু। সপ্তাহে দু' দিন ক্লাস। প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

কোর্সের নাম: ওয়ান ইয়ার সার্টিফিকেট কোর্স ইন সেরামিক ডিজাইন (২০২৫-২০২৬)

বয়স: কোনও বাধানিষেধ নেই

আসনসংখ্যা: ৩০

কোর্স ফি: ৮,০০০ টাকা

আবেদনের শেষ দিন: ১৬ এপ্রিল

ইন্টারভিউয়ের তারিখ ও স্থান: ২২ এপ্রিল, বেলা ১টা, ভিশুয়াল আর্টস বিভাগ, কল্যাণী বিশ্ববিদ্যালয়

**আবেদন করবেন কী ভাবে:** বিশ্ববিদ্যালয়ের ভিশুয়াল আর্টস বিভাগে সরাসরি গিয়ে, বিভাগীয় প্রধানকে সম্বোধন করে হাতে লেখা আবেদনপত্র জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে আবেদনকারীর জীবনপঞ্জি এবং পাসপোর্ট মাপের ফটো। আবেদনপত্রে উল্লেখ করতে হবে আবেদনকারীর ফোন নম্বর ও ই-মেল আইডি। যে-কোনও কাজের দিন আবেদনপত্র জমা দেওয়া যাবে বেলা বারোটা থেকে বিকেল চারটে পর্যন্ত। প্রয়োজনীয় নথিপত্র সহ আবেদনপত্র ই-মেল করেও পাঠানো যাবে। ই-মেল আইডি: visualartsku2014@gmail.com

বিস্তারিত জানতে দেখুন বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: https://klyuniv.ac.in/





## PES UNIVERSITY ADMISSIONS 2026

**ENGINEERING**
B.Tech (CSE, CSE-AI&ML, ECE, EEE, ME, & BT)
M.Tech (CSE, ECE)

**MEDICINE**
MBBS

**COMMERCE**
B.Com (General/Hons.)
B.Com (Hons.) - ACCA / CMA / CFA / CA

**ARTS**
BA (Hons.) in Performing Arts

**LAW**
BBA, LLB (Hons.) / BA, LLB (Hons.) / LLB (Hons.)

**ARCHITECTURE**
Bachelor of Architecture (B.Arch)

**DESIGN**
B.Des / M.Des

**PSYCHOLOGY**
B.Sc (Hons.) / M.Sc.

**RESEARCH**
Ph.D / M.Tech by Research

**JOURNALISM & MASS COMMUNICATION**
B.Sc. (Hons.)

**MANAGEMENT**
MBA / BBA (Hons.) in Business Analytics / BBA - General / Hons. / Sports Management / Hospitality & Event Management

**ECONOMICS**
B.Sc (Hons.)

**COMPUTER APPLICATIONS**
BCA / MCA

**NURSING**
Bachelor of Science (B.Sc.)

**PHARMACY**
B.Pharm / M.Pharm / Pharm.D / Ph.D

**ALLIED HEALTH SCIENCES**
B.Sc (Hons) in Cardiac Care / Anaesthesia & OT / Medical Radiology & Imaging / Dialysis Therapy / Emergency / Medical Lab / Medical Science

**PHYSIOTHERAPY**
Bachelor of Physiotherapy (BPT)

**PESU SCHOLARSHIPS**
₹110+ Crore merit scholarships given till date
pes.edu/scholarships

**RESEARCH DRIVEN LEARNING**
pes.edu/research

**FLEXIBLE CURRICULUM**
B.Tech Major/Minor & M.Tech Switch Program
pes.edu/btech

**INTERNATIONAL INTERNSHIPS**
pes.edu/summer

Some leading companies our students are placed at include: Adobe, Amazon, Apple, Netflix, Facebook, Google, Goldman Sachs, Mercedes Benz, Microsoft, Morgan Stanley...

#1 University in Karnataka
A+ NAAC

admissions.pes.edu

100 Feet Ring Road, BSK III Stage,
Bengaluru 560085

admissions@pes.edu
8010 297 297


PES UNIVERSITY

# Maritime Education Training & Research Institute (METRI)

**Affililiated by Directorate General OF Shipping, Ministry OF Shipping, Govt. OF India.**

## মার্চেন্ট নেভি র- জন্য ভর্তি বিজ্ঞপ্তি

Merchant Ship/ মার্চেন্ট জাহাজ এ Hospitality staff / আতিথেয়তা কর্মী বা Cook বা স্টুয়ার্ট হিসাবে যোগ দেওয়ার যোগ্যতার জন্য মার্চেন্ট নেভি CCMC Course এ ভর্তির আবেদন পত্র গ্রহণ করা হচ্ছে। এই কোর্সের জন্য যোগ্যতা প্রয়োজন ঃ- শিক্ষাগত যোগ্যতা ঃ 10th পরীক্ষায় পাস বা কোন স্বীকৃত বোর্ড, State বা সেন্ট্রাল বোর্ড & NIOS, নিউ দিল্লি, সমষ্টিগত ন্যূনতম 40% নম্বর পেয়ে কোনো stream থেকে এবং ইংরেজি একটি বিষয় হিসাবে, 40 % নম্বর প্রয়োজন 10th standard.



বয়স সীমা ঃ অন্যূন 17 বছর 6 মাস এবং কোর্স শুরুর সময় অনধিক 25 বছর

মেডিকেল ফিটনেস ঃ M. S Medical examination of Seafarers rules, 2000 অনুযায়ী নাবিকদের বিধি, 2000 এবং সময়োপযোগী সংশোধিত।

Duration / প্রশিক্ষণ সময়সীমা ঃ 6 (ছয়) মাস

Intake Capacity / ব্যাচ প্রতি ছাত্র ঃ 40/Batch

Selection / নির্বাচন ঃ ইন্টারভিউ এবং ব্যক্তিত্ব পরীক্ষা ভিত্তিতে প্রথম আসা ভিত্তিতে

Course শুরুর তারিখ ঃ 01-07-2026

Interview তারিখ ঃ 24-03-2026
31-03-2026/07-04-2026/21-04-2026/28-04-2026
05-05-2026/12-05-2026/19-05-2026/26-05-2026

Prospect: সফলভাবে কোর্স সম্পন্ন করার পর ( উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক Exit exam/পরীক্ষায় পাস। ) প্রার্থী ও Shipping মাস্টার, মুম্বাই বা কলকাতার অফিস থেকে সিডিসি প্রাপ্ত হইবে বাণিজ্যনাবী /Merchant ship এর কাজে যোগদানের জন্য যোগ্যতা প্রাপ্ত হইবে।

Valid Documents /বৈধ কাগজপত্র ঃ আগে অবশ্যই প্রার্থী Regional Passport Officer/আঞ্চলিক পাসপোর্ট কর্মকর্তার অফিস থেকে পাসপোর্ট প্রাপ্ত করা আবশ্যক।

আরো বিস্তারিত জানার জন্য please / অনুগ্রহ করে visit করুন আমাদের website : www.metrikolkata.org or যোগাযোগ করুন
Mr.M.G Rajan-Dy.Chairman-METRI KOLKATA Ph.:033 24657161 /62 /63 Mob.:9339838932, 9432324424, 9830053096

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in